# SEVA BHARATI MAHAVIDYALAYA

(A multi-faculty college affiliated to Vidyasagar University and funded by UGC & Govt. of W.B.)

P.O. Kapgari: Dist. Jhargram (W.B.): Pin. – 721 505: Mob. 9433122259


Date: 02.09.2023

## NOTICE

It is notified for information to all concerned that B.A. SEM – IV Honours Practical Examination for Project work – 2023 in Bengali under Vidyasagar University will be held on 09.09.2023 (Saturday) from 10:30 A.M. to 04:30 P.M. at the College Centre.

Students are directed to bring their Admit Cards and Practical Note Books of the Subject concerned.

HOD
Dept. of Bengali
Seva Bharati Mahavidyalay
Kapgari, Jhargram,

HoD,
Dept. of Bengali
Seva Bharati Mahavidyalaya
Kapgari-Jhargram

Principal
Seva Bharati Mahavidyalay
Kapgari, Jhargram,
West Bengal - 721505

Principal
Seva Bharati Mahavidyalaya
Kapgari, Jhargram

# মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পে উদ্বাস্তু জীবন

স্নাতক (বাংলা) প্রকল্প অভিসন্দর্ভ

# সেবা ভারতী মহাবিদ্যালয়


**গবেষকঃ দিপালী সরেন**

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ


পত্রঃ গবেষনাধর্মী প্রকল্প রচনা

পত্র সংখ্যাঃ SEC -2

চতুর্থ পাঠপর্যায়

নিবন্ধিকরন সংখ্যাঃ VU211035012

বর্ষঃ 2021-2022

ক্রমিক সংখ্যাঃ 1114146-210015

শিক্ষাবর্ষঃ 2022-2023


তত্ত্বাবধায়কঃ ডঃ প্রশান্ত কুমার দাস

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

সেবা ভারতী মহাবিদ্যালয়

কাপগাড়ি :: ঝাড়গ্রাম

# SEVA BHARATI MAHAVIDYALAYA

Kapgari, Jhargram

## *Certificate*

This is to certify that the project entitled Manik Bandopadhayero Choto golpero udbastu jibon is an authentic work done by Dipali Saren, B.A. (Hons.), Semester-IV, Paper-SEC2, Session 2023, Roll No. 1114146-210015 Registration No. VU211035012 of 2021-2022) in the Department of Bengali, Seva Bharati Mahavidyalaya under my supervision and guidance.

9.9.23

**(Dr. Partha Pratim Nanda)**
HOD
Department of Bengali
Seva Bharati Mahavidyalaya

**(Dr. Prasanta Kumar Das)**
Supervisor
Department of Bengali
Seva Bharati Mahavidyalaya

HoD,
Dept. of Bengali
Seva Bharati Mahavidyalaya
Kapgari-Jhargram

: BA/146/2023-21/07/23 CAH146/18501

ADMIT CARD HAS
ISSUED SUBJECT
LES 13,14 PRINTED BELOW
RTANT :
DIDATES ARE
ESTED TO READ
RULES PRINTED BELOW
FULLY BEFORE
MENCEMENT OF
EXAMINATION

# VIDYASAGAR UNIVERSITY



Dipali Saren

## ADMIT CARD

B.A. HONOURS 4th SEMESTER EXAMINATION , 2023.
[UNDER C.B.C.S]

AME: **DIPALI SAREN**

UGHTER OF: CHUNARAM SAREN

LLEGE NAME: SEVA BHARATI MAHAVIDYALAYA, KAPGARI

GISTRATION NO: **VU211035012 of 2021-2022**

**LL NO. : 1114146-210015**

| | | | |
|---|---|---|---|
| ONOURS COURSE | : | **BNGHCC** | (Bengali) |
| .E. COURSE | : | **HISHGE** | (Gender & Education in India) |
| .E. COURSE | : | **BNGHSE** | (Bangla Bhasha O Sahitya Bisheyak Prakalpa Rachana O Prakalpapatra Upasthapana) |

Controller of Examinations

### RULES FOR GUIDANCE OF THE CANDIDATE

1. The examination will be held according to the programme previously notified.
2. The doors of the Examination Hall will be opened on the morning of the first day, one hour and in the afternoon and on other days, 15 minutes, before the time for commencement of the examination. The doors will be closed on each day 5 minutes before the commencement of the examination, after which no candidate will be admitted without the special permission of the Officer-in-charge. In no case will a candidate be admitted or given a question paper more than 30 minutes after the commencement of the examination. An examinee must complete Examination within time as specified in examination programme.
3. Candidates are required to find their own allotted seats. They shall take their seats at least 5 minutes before the commencement of the examination.
4. No candidate will be allowed to leave the Examination hall until an hour has elapsed from the time when the papers are given out.
Except herein after provided no candidate will be allowed to reenter the Examination Hall during the hours of the examination after once leaving it, nor to leave the hall without giving up his/her answer paper.
A candidate may with the special permission of the Officer-in-charge leave the examination Hall temporarily for a necessary purpose but only under the surveilance of a trustworthy person to be deputed by the Office-in-charge and under proper safegards to render recourse to unfair practices impossible.
A candidate having completed his/her answer paper must hand it over, even if blank, to an Invigilator before leaving the examination Hall. The answer paper on no account will be left on the desk. No candidate will be allowed to remain in the Examination Hall after the close of the examination except to allow his/her answer-paper to be collected by the Invigilator.
5. Candidates are required to provide themselves with their own pens, pencils, simple calculators and other necessary examination materials, i.e. dividers, compasses, a straight ruler showing centimeters and inches or other drawing implements for relevant subjects. The University will supply stiched book and loose sheets to write the answers. On no account, should any paper be torn from the answerbook.
6. Each candidate shall write on the cover of his/her answer book in appropriate columns only his/her University registration Number his/her Roll and Number (but not his/ her name or the name of his/her college)
7. Candidates are forbidden to carry into the Examination Hall or have in their possession during the examination any books, notes, papers, writings, scribblings or other materials except their Admit Cards, University registration Receipts and any other written requisites or drawing implements. Any article carried to the Examination hall or found in the possession of a candidate in contravention of this rule shall be liable to be seized by the Officer-in-Charge and the candidate shall be liable to expulsion.
8. A candidate while taking the examination shall not help or try to help any other candidate nor obtain or try to obtain any help from any other candidate or other person. Communication of any sort or in any from is strictly forbidden between a candidate and any other person whether inside or outside an Examination Hall.
Smoking in the Examination Hall is strictly forbidden.
A candidate requiring an additional answer book or blotting paper or desiring permission to leave the room for a necessary purpose or desiring to give up his/her answer-paper may call the attention of the invigilator by rising in his/her seat and without making any noise or disturbance. On no account is a candidate permitted to speak to an invigilator on any matter with reference to any questions or answer.
9. Candidates must not write any objectionable or improper remarks in their answer book, or attempt in any way to render identification of the answer-paper impossible by giving false rolls or numbers or intentionally omitting to state the correct rolls or numbers.
Candidates must not write anything on any question-paper or other paper or carry away any writing or scribbling from the Examination Hall.
10. Candidates are required to produce their Admit Cards and Registration Receipts and to sign their names as and when directed by the Officer-in-Charge.
11. Candidates are required to observe strictly the rules laid down by the University for the conduct of examination and the guidance of candidates a copy of which will be found pasted up at each Examination Centre.
12. Candidates are warned that any attempt to use any unfair means at the Examination, or any breach or attempted breach of any of these or other examination rules or any attempt to break discipline during or after the examination will render them liable to expulsion by the Officer-in-Charge from the examination or any other part thereof and to such further penalties as the University may determine, be reported against.
13. If during and/or after the examination it is found that the candidate be violated all or any of the Rules and regulations governing the examinations his/her examination is liable to be cancelled.
14. Notwithstanding the issue of the Admit Card, the University Authority shall have the right, for any reason which may appear to be sufficient to cancel the admission of any candidate to any examination, whether before, during or after the examination.
The University may also debar a candidate from appearing at any subsequent University examination or examinations. The decision of the University Authority

# সূচিপত্র :


- সারসংক্ষেপ — ক-খ
- প্রাক কথন — গ-ঘ
- পূর্বগবেষণার সমীক্ষা — ঙ
- বর্তমান অভিসন্দর্ভে অনুসৃত গবেষণা পদ্ধতি — চ
- গবেষণার (প্রকল্পের) উদ্দেশ্য :- — ছ
- ভূমিকা — ১-২

প্রথম অধ্যায় : মানিক বন্দোপাধ্যায় এর জীবন ও সাহিত্য :- — ৩-১০

দ্বিতীয় অধ্যায় : সমকালীন জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট — ১১-১৫

তৃতীয় অধ্যায় : চল্লিশের দশকে সাম্প্রদায়িক দাঙ্গা ও উদ্বাস্তু সমস্যা - ১৬-২১

চতুর্থ অধ্যায় : মানিক বন্দোপাধ্যায়ের ছোটগল্পে (নির্বাচিত) উদ্বাস্তু সমস্যা - ২২-৩১

- উপসংহার ৩২
- তথ্যসূত্র ৩৩
- গ্রন্থপঞ্জি- আকরগ্রন্থপঞ্জি ৩৪
  সহায়ক গ্রন্থপঞ্জি
- পত্র-পত্রিকা পঞ্জি — ৩৫
- আন্তর্জাল ও বৈদ্যুতিন তথ্য — ৩৬

# সারসংক্ষেপ

আমরা দেখতে পায় মানিক বন্দোপাধ্যায় যে সময়ে জন্মগ্রহণ করেছিলেন সেই সময়ে তিনি প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধকে অনেক কাছ থেকে দেখেছিলেন, সেই সময়ের এর জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট লক্ষ্য করলে দেখা যায়, দেশভাগের চরম অভিঘাত ভারতের নানা প্রদেশের বুকে সৃষ্টি করেছিলো রক্তক্ষয়ী যুদ্ধের, এর ফলস্বরূপ সৃষ্টি হয়েছিলো রক্তাক্ত ক্ষত চিহ্ন। সাম্প্রদায়িক দাঙ্গা চলেছিলো দীর্ঘদিন, শুধু হিন্দু মুসলমানের মধ্যে বিদ্বেষ হানাহানি নয় আসল উদ্দেশ্য ছিলো পাকিস্তান রাষ্ট্রের দাবীর পক্ষে সীমাহীন বর্বরতা, কংগ্রেস ও লীগের দড় টানাটানি ও ইংরেজ সরকার এর পক্ষপাতিত্বের ভয়াবহ পরিণতি ছিলো সেদিনের দাঙ্গা সৃষ্টি হয়েছিলো উদ্বাস্তু সমস্যা। এইরকম ভয়াবহ পরিস্থিতিকে মানিক বন্দোপাধ্যায় এর এইরকম ভয়াবহ পরিস্থিতি খুব কাছ থেকে দেখেছেন। এইসব ঘটনা তার মনে খুব গভীর ভাবে প্রভাব ফেলেছিলো, তাই তিনি তার সাহিত্যের মাধ্যমে তুলে ধরেছেন, তৎকালীন সমাজব্যবস্থা ও দুর্দশাগ্রস্ত মানুষের জীবন, তাঁর অনেক গল্প উপন্যাসের মধ্যে ফুটে উঠেছে মানুষের করুণ জীবনযাপন, দুর্ভিক্ষপীড়িত মানুষের কথা, মানুষেরা কেমনভাবে গ্রাম ছেড়ে শহরে চলে গেছে দুমুঠো অন্নের জোগান করতে এই রকম গল্পের পরিচয় ফুটে উঠেছে তাঁর 'সাড়ে সাত

সের চাল' চলচ্চিত্রের মধ্য দিয়ে, উদ্বাস্তু জীবনের ব্যথা-বেদনা দেখিয়েছেন সুবালা গল্পের সুবালা চরিত্রটির মধ্য দিয়ে। সে একজন দুর্দশাগ্রস্ত যে তাঁকে ছেলে-কোলে করে ভিক্ষাবৃত্তি করে জীবন কাটাতে হচ্ছে। এবং দেশের এক ভয়ানক পরিস্থিতি ফুটে উঠেছে তাঁর মানবিক চলচ্চিত্রের মধ্য দিয়ে, একের পর এক গল্প নিয়ে তিনি সার্থক গল্পকার হিসাবে পরিচিত হয়েছেন।

# প্রাককথন ঃ

বিংশ শতকের প্রথমার্ধ জুড়ে মানিক বন্দোপাধ্যায় এর জীবনবর্ণন, মানিক বন্দোপাধ্যায়ের সাতচল্লিশ বছরের জীবনে চারের দশকের প্রেক্ষাপটে অতি গুরুত্বপূর্ণ সময়, তাঁর প্রতিভার পূর্ণ প্রকাশ ঘটেছে এই সময়ে। আবার কাল প্রবাহের দিক দিয়ে দেখি চার এর দশকের জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে সর্বাধিক ঘটনাবহুল ও গুরুত্বপূর্ণ, কারণ এই সময়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধ, স্বাধীনতার জন্য প্রয়াস ও প্রত্যাঘাত, রাজনৈতিক আন্দোলন, সাম্প্রদায়িক দাঙ্গা, দেশত্যাগ, স্বাধীনতা, উদবাস্তু সমস্যার সৃষ্টি, মানিক বন্দোপাধ্যায়ের সংবেদি হৃদয়ে উল্লিখিত প্রতিটি ঘটনাই সৃষ্টি করেছে তীব্র প্রতিক্রিয়া, যার ফলে মানিক বন্দোপাধ্যায় রচনা করেছিলেন অসংখ্য গল্প-উপন্যাস।

মানিক বন্দোপাধ্যায়ের কিছু ছোটগল্প পড়ার পর আমার তাঁর সম্পর্কে বিশদভাবে জানার আগ্রহ জন্মায়। তিনি সমাজের নিম্নবর্গ, নারী মনস্তত্ত্ব এসব নিয়েও অনেক গল্প উপন্যাস লিখেছেন। কিন্তু আমার বিশেষ করে তাঁর দুর্ভিক্ষের পটভূমিতে লেখা গল্পগুলি পড়ার পর উৎসাহ জন্মায়। তাই মানিক বন্দোপাধ্যায় এর ছোটগল্পে উদবাস্তু জীবন নিয়ে আলোচনা করেছি।

সেবাভারতী মহাবিদ্যালয় এর বাংলা বিভাগের স্নাতকোত্তর স্তরের ছাত্রী হিসাবে চতুর্থ পাঠপর্যায় এর প্রবন্ধের উদ্দেশ্য মাননীয় অধ্যাপক ড: প্রশান্ত কুমার দাস উনার সঙ্গে

এ বিষয়ে আলোচনা করি এবং তিনি 'বাংলা ছোট গল্পের উদবাস্তু জীবন : প্রসঙ্গ মানিক বন্দ্যোপাধ্যায়-ছোটগল্প (নির্বাচিত)' শিরোনামে উদ্বাস্তু জীবন নিয়ে গবেষণার উৎসাহ দেন, সমগ্র গবেষণাটি তাঁর আন্তরিক সহায়তা ও সঠিক তত্ত্বাবধানের মাধ্যমে সম্পন্ন হয়েছে। শুধু তাই নয় তিনি অবিশ্রান্ত পরিশ্রম করে আমাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য প্রাসঙ্গিক পত্রপত্রিকা, বিভিন্ন সহায়ক গ্রন্থ, সোশ্যাল মিডিয়া থেকেও যোগান দিয়ে গবেষণা পত্রটিকে সার্থক ও পরিশীলিত রূপদানে সহায়তা করেছেন, এছাড়াও বিভাগের অন্যান্য সম্মাননীয়া অধ্যাপক অধ্যাপিকা বৃন্দের বিচক্ষণ প্রজ্ঞা, সাহিত্য প্রাচুর্য আমরা কল্পনার জগৎকে সমৃদ্ধ ও বিকশিত করেছে।

সর্বোপরি আমার বাংলা বিভাগের শুভার্থী এর প্রতি কৃতজ্ঞতা স্বীকার করি ও ধন্যবাদ জানাই।

—

দিপালী সরেন
শিক্ষার্থীর নাম

তারিখ - 18/08/2023

## পূর্ব গবেষণার সমীক্ষা:

বিশ শতকের কবি মানিক বন্দোপাধ্যায়কে নিয়ে অনেকে গবেষণা করেছেন। তাঁর সাহিত্যকর্মের স্তর খুবই সমৃদ্ধ, আধুনিক বাংলা সাহিত্যের ক্ষেত্রে নিম্নবর্গীয় মানুষদের কথা সর্বোত্তম ভাবে ফুটে উঠেছে। অতিক্রান্ত সময়ের ব্যবধানে নিম্নবর্গ মানুষদের জীবন নিয়ে আলোচনার কাজ হয়ে উঠেছে, সেরকমই মানিক বন্দোপাধ্যায়ের ছোটগল্পে উদ্বাস্তু জীবন নিয়ে গবেষণা খুব কম পরিমাণই হয়েছে। বেশিরভাগ জনই মানিক বন্দোপাধ্যায়ের ছোট গল্পে মধ্যবিত্ত জীবন বাস্তবতা নিয়ে কাজ করেছে, সবাই তুলে ধরার চেষ্টা করেছে। মধ্যবিত্ত মানুষের জীবন কাহিনী, মধ্যবিত্ত শ্রেণীর টিকে থাকার সংগ্রাম, বিশেষ দেশভাগের পর যে খাদ্যসংকট, বেকারত্ব, সমস্যা এইসব ঘটনার সমস্যা সৃষ্টি হয়েছিলো। তাই নিয়ে আমি আলোচনা করছি, মানিক বন্দোপাধ্যায়ের গল্পগুলিকে অবলম্বন করে।

## বর্তমান অভিসন্দর্ভে অনুসৃত গবেষণা পদ্ধতি:

গবেষণা অভিসন্দর্ভে সম্পূর্ণ করার ক্ষেত্রে আমাদের কতকগুলি পদ্ধতিগত দিক অবলম্বন করতে হয়।

বাংলা ছোটগল্পের উদ্বাস্তু জীবন: প্রসঙ্গে মানিক, মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প (নির্বাচিত) শীর্ষক অভিসন্দর্ভটি সঠিক ভাবে সুসম্পন্ন করার জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে। —

এক. ভূমিকা, মূল আলোচনা, উপসংহার, গ্রন্থপঞ্জি এই চারটি ভাগে প্রদত্ত গবেষণাপত্রটি বিন্যস্ত।

দুই. তথ্যগত সাহায্যের জন্য বিভিন্ন সহায়ক গ্রন্থপঠন পর্যায়ে প্রাথমিক উপাদান হিসাবে মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পগুলিকে ব্যবহার করা হয়েছে,

তিন. সহায়ক উপাদানের জন্য বিভিন্ন সহায়কগ্রন্থ, পত্র- পত্রিকা এবং আন্তর্জাল ও বৈদ্যুতিন তথ্য ব্যবহার করা হয়েছে।

চার. গবেষণা অভিসন্দর্ভটির সহায়তার জন্য বিশ্লেষণ মূলক পদ্ধতি ব্যবহার করা হয়েছে।

পাঁচ. প্রদত্ত গবেষণাপত্রে বাংলা অ্যাকাডেমি বানান অভিধান বিধি অনুসৃত হয়েছে।

ছয়. গ্রন্থপঞ্জি নির্মাণের ক্ষেত্রে M. L. A হ্যান্ডবুক এর মান্য পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

# প্রকল্পের উদ্দেশ্য :

গল্পকার হিসাবে মানিক বন্দোপাধ্যায় একজন শ্রেষ্ঠ গল্পকার, প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কালে মানিক বন্দোপাধ্যায় এর আবির্ভাব হয়েছিলো। এই দুই বিশ্বযুদ্ধের পর পৃথিবী জুড়ে মানবিক মূল্যবোধের চরম সংকটময় পরিস্থিতির সৃষ্টি হয়েছিলো, এইসব পরিস্থিতিকে অবলম্বন করে নিয়ে লেখা গল্পগুলিকে এর গুরুত্ব রয়েছে, উনার এইসব গল্প উপন্যাস আমার বিশেষভাবে নজর কাড়ে, এই আমার উদ্দেশ্য তাঁর লেখা গল্প গুলিকে আরও বিশেষ ভাবে জানার, ও সেই সময়কার জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা করা।

চল্লিশের দশকে সাম্প্রদায়িক দাঙ্গা ও উদ্বাস্তু সমস্যা নিয়ে আলোচনা করব, উদ্বাস্তু জীবনের ছবি মানিক বন্দোপাধ্যায় এর ছোটগল্প কেমনভাবে ফুটে উঠেছে তা নিয়ে আলোচনা করা।

# ভূমিকা :-

আধুনিক ভারতবর্ষের বুকে দেশভাগ একটি অন্ধকারময় অধ্যায়। দেশভাগ কিছু কিছু মানুষের কাছে এক মর্মান্তিক ঘটনা, রাজনৈতিক ও প্রশাসনিক চক্রান্তে ঘটেছিলো ভারতের বিভাজন যা জনজীবনে বয়ে এনেছিলো দেশত্যাগের অন্ধকারময় পরিস্থিতি, দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা সমগ্র মানব সভ্যতাকে বিরাট প্রশ্নচিহ্নের মুখে দাঁড় করিয়ে দিয়েছিলো, ব্রিটিশদের সঙ্গে আপস করার নীতির বিরুদ্ধে আক্রমন চালিয়ে যাওয়ার জন্য সুভাষচন্দ্রের ডাকে সম্মেলনে সারা ভারতের অসংখ্য মানুষ ও বিপ্লবী নেতা যোগদান করেন, সমাজের সর্বস্তরের মানুষ ইংরেজ অত্যাচারের বিরুদ্ধে একত্রিত হয়ে চরম লড়াই এর পথে এগিয়ে এসে ছিলেন, ভারত ছাড়ো আন্দোলন, তেভাগা আন্দোলন ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে বঙ্গদেশে, একই সঙ্গে জমিদারি প্রথার উচ্ছেদ এবং বর্গাচাষি কে জমির মালিক করার দাবি জানিয়ে ছিলো আন্দোলনকারীরা, দিনাজপুর, ব্যারাক, রংপুর, খুলনা, যশোর, জলপাইগুড়ি এইসব জায়গায় আন্দোলন তীব্র আকার ধারন করে।

মাউন্টব্যাটেন কংগ্রেস ও লীগ নেতাদের সঙ্গে বসে ভারত ভাগের পরিকল্পনাটি চূড়ান্ত করেন। হিন্দু প্রধান অঞ্চল নিয়ে ভারত যুক্তরাষ্ট্র, এবং মুসলিম প্রধান অঞ্চল নিয়ে ভারত যুক্তরাষ্ট্র এবং মুসলিম প্রধান অঞ্চল নিয়ে পাকিস্তান গঠন করা হয়, এইভাবেই ভারত স্বাধীন হওয়ার পর হিন্দু-মুসলিম ভেদাভেদ রয়ে গেলো চিরতরে।

মানিক বন্দোপাধ্যায় সচেতন দৃষ্টি রেখেছেন, চারপাশের ঘটতে থাকা এইসব ঘটনার উপর, দেশভাগের পরবর্তী ৫০ এর দশকে ধর্মীয় দাঙ্গা আরোও ভয়ঙ্কর করে বুঝিয়ে দিয়েছিলো নিষ্ক্রমণ ছাড়া কোনো পথ নেই। হিন্দু – মুসলমানের মধ্যে সাম্প্রদায়িক অবিশ্বাস ঘৃণা, সংঘর্ষ, আক্রোশ, হত্যা, হানাহানি এবং দাঙ্গার জন্ম দেয়। দেশভাগ যে দেশত্যাগের পরিস্থিতি বয়ে এনেছিলো সেই পরিস্থিতি একদিক উদ্বাস্তু জীবনের অন্ধকারময় আগমনকে মেনে নিতে বাধ্য করেছিলো। অপর দিকে সৃষ্টি করেছিলো দেশ হারানোর যন্ত্রণা। বিভাজনের পর ক্ষমতা দ্বন্দ্ব ও দুঃখ হানিবল উদ্বাস্তুদের ওপর আছড়ে পড়েছিলো চরমভাবে, একদিকে দেশভাগের ফলে, সব হারানো অবস্থায় দাঙ্গা মুখে পড়ে উদ্বাস্তু জীবন প্রকৃতি সর্বহারা রূপে অবতীর্ণ হয়েছিলো, ভারতবর্ষের আর্থ সামাজিক প্রেক্ষাপটে উদ্বাস্তু সমস্যার সাথে খাদ্য সংকট, বেকারত্ব, রেশনিং ব্যবস্থার অভাব প্রভৃতি সমস্যাও উপস্থিত হয়েছিলো।

এইসব করুন জীবন নিয়ে লেখা তার গল্পগুলি খুবই গুরুত্বপূর্ণ। বর্তমানে অতীত সম্পর্কে জানার এক মূল্যবান দলিল, তাঁর এই প্রয়াস বাংলা সাহিত্যের ছোটগল্পের পরিসরকে কীভাবে সমৃদ্ধ করে তুলেছে তা বিশেষভাবে অনুভব করলে বোঝা যায়।

# প্রথম অধ্যায় :-

## মানিক বন্দোপাধ্যায়ের জীবন ও সাহিত্য :

মানিক বন্দোপাধ্যায়ের জন্ম বিহারের সাঁওতাল পরগনার অন্তর্গত দুমকা শহরে ১৯০৮ সালের ১৯ শে মে মঙ্গলবার (বাংলা ১৩১৫, ৬ই জ্যৈষ্ঠ) আদি পৈতৃক নিবাস ঢাকার বিক্রমপুরের জিমুলিয়া গ্রামে, কিন্তু লেখকের প্রপিতামহ করুণাচন্দ্র বন্দোপাধ্যায় তাঁর মাতুলালয় মালপদিয়া গ্রামে লালিত পালিত হন, এবং সেখানেই আজীবন বসবাস করেন, মানিকের পিতা হরিহর বন্দোপাধ্যায় এই মালপদিয়া গ্রামেই বড় হয়ে ওঠেন, সেই সূত্রে মালপদিয়াই তাঁদের পৈতৃক নিবাসরূপে গণ্য হয়।

মানিক বন্দোপাধ্যায়ের পিতা হরিহর বন্দোপাধ্যায়, মাতা নীরদাসুন্দরী দেবী, হরিহরবন্দো-পাধ্যায়কেও প্রথম জীবনে পুরোহিতের কাজ করতে হয়েছিলো কারন তাঁদের পারিবারিক বৃত্তি ছিলো পূজো অর্চনা ও যাজনিক ক্রিয়া, প্রবল অর্থকষ্টের মধ্য দিয়ে তাঁকেও পড়াশোনা করতে হয়েছিলো, ১৯০৬ সালে তিনি সেটেলমেন্ট বিভাগে চাকুরি পান এবং অবসর গ্রহনের সময় তিনি সাবডেপুটি কালেক্টারের পদে উন্নীত হয়েছিলেন।

জন্ম কুষ্ঠিতে মানিকের নাম রাখা হয়েছিলো অধর চন্দ্র বন্দোপাধ্যায়। পিতৃদত্ত নাম প্রবোধকুমার বন্দোপাধ্যায়, যদিও আমরা তাঁকে এসব নামে চিনলাম না, লেখকের বড় বৌদি অমিয়া বন্দোপাধ্যায় জানিয়েছেন; বোধহয় তারজাঁয়ের

উজ্জ্বল কালো রং ও সুন্দর সুশ্রী দেখেই সেই যে আঁতুড় থেকেই তার নামকরণ হলো কালো মানিক — সেই নামটিই 'মানিক' রয়ে গেলো সারাজীবন।" মানিক বন্দোপাধ্যায় ছিলেন পিতামাতার চোদ্দ সন্তানের মধ্যে পঞ্চম। এক ভাই ও এক বোন অতি শৈশবেই মারা যায়। শিশুকাল থেকেই তিনি স্বভাবে ছিলেন অতিমাত্রায় দুরন্ত, চঞ্চল, নির্ভীক ও হাসিখুশি। পিতার বদলির চাকরির সূত্রে বিভিন্ন জায়গায় মানিকের শৈশব ও কৈশোর অতিবাহিত হয়েছে।

শৈশব থেকেই মানিক বন্দোপাধ্যায় মন ছিলো অতিরিক্ত ভাবপ্রবণ, কল্পনাপ্রবণ এবং তীক্ষ্ন বুদ্ধিসম্পন্ন। অল্প বয়সেই মাতৃবিয়োগ তাঁর শৈশবকে বিশেষভাবে প্রভাবিত করেছিলেন। নিঃসঙ্গী নিঃসহায় একাকী অনিশ্চয়তার মাঝে নীরদা দেবী মাত্র ষোলো বৎসর বয়সের নয়নের মানিককে রেখে না ফেরার দেশে পাড়ি দেন।

আটবছর বয়সে কলকাতার মিত্র-ইন্সটিটিউশনে মানিক বন্দোপাধ্যায়ের শিক্ষারম্ভ- বড়দা সুধাংশুকুমার বন্দোপাধ্যায়ের তত্ত্বাবধানে, পরে পড়েন বিভিন্ন স্কুলে টাঙ্গাইলে, কাঁথি মডেল হাইস্কুলে, মেদিনীপুর জেলা স্কুলে সেখান থেকেই মানিক ১৯২৬ সালে ম্যাট্রিক পাশ করেন। আবশ্যিক এবং ঐচ্ছিক গণিতে লেটার পেয়ে মানিক প্রথম বিভাগে উত্তীর্ণ হন। ছাত্র হিসেবে মানিক সকল শিক্ষকের কাছেই অত্যন্ত প্রিয় ছিলেন। পিতার বদলির চাকরি বলেই মানিক বন্দোপাধ্যায় দীর্ঘকাল কোনো এক স্থানে থাকেননি, স্কুল শিক্ষা কোথাও বাঁধাধরা নিয়মেহয়নি। বিভিন্ন জায়গায় আপছাড়াভাবে তাঁর শিক্ষালাভ সম্পন্ন হয়েছে। তবে শিক্ষা পরীক্ষায় পাশের পর

বাঁকুড়ার ওয়েসলিয়ান মিশন কলেজে ভর্তি হন মানিক, ১৯২৮ সালে সেখান থেকে আই.এস.সি পাশ করেন, পিতা খুশি হয়ে তাঁকে কলকাতার প্রেসিডেন্সি কলেজে গণিতে অনার্স সহ বি.এস.সি তে ভর্তি করিয়ে দেন, কিন্তু ততদিনে সাহিত্যচর্চার জন্য এর ওপরে তাঁর নেশা জেগে উঠেছে, ১৯২৮ সালে লেখক হিসেবে আত্মপ্রকাশ- 'বিচিত্রা' পত্রিকায় 'অতসী মামি' নামক গল্প প্রকাশের মধ্য দিয়ে ফলে বি.এস.সি পরীক্ষায় দুবারই অকৃতকার্য হন, সাহিত্যকর্মে এমনভাবে লিপ্ত হয়ে পড়েন যে একাডেমিক শিক্ষার ইতি ওখানেই ঘটে।

মানিক বন্দ্যোপাধ্যায়ের শুরু হল নতুন সংগ্রামের জীবন, অর্থকরী জীবিকা অর্জনের ধারে না গিয়ে লেখাকেই তিনি পেশা রূপে গ্রহণ করেন, সাহিত্যই ছিলো তাঁর উপার্জনের উপায়, দু-এক বার সাহিত্য সম্পৃক্ত দু-একটি কর্ম থেকে জীবিকা নির্বাহের চেষ্টা করেন, ১৯৩৪ সালে কংগ্রেস হাউস ৯০/বি পঞ্চানন লেন থেকে প্রকাশিত 'নবারুণ' পত্রিকার সম্পাদক হিসেবে কাজ করেন, ১৯৩৭-৩৮ সালে 'বঙ্গশ্রী' পত্রিকার সহ সম্পাদক হিসাবে কাজ করেন, কিন্তু ১৯৩৯ সালে অনুজ সুবোধকুমার বন্দ্যোপাধ্যায় এর সহযোগিতায় 'উদয়াচল প্রিন্টিং অ্যান্ড পাবলিশিং হাউস' নামে প্রেস ও প্রকাশনা সংস্থা প্রতিষ্ঠা করেন, কিন্তু বেশিদিন এই প্রেস চালাতে পারেননি, ১৯৪৩ সালে ভারত সরকারের পাবলিসিটি অ্যাসিস্ট্যান্ট পদে কয়েকমাস অধিষ্ঠিত ছিলেন, লেখাই ছিলো মানিকের মূল পেশা, ১৯৪৫ সালে 'প্রগতি'

লেখক সংঘের সভাপতি মণ্ডলের সদস্য, ১৯৪৬ সালে কলকাতায় হিন্দু- মুসলিম দাঙ্গার সময় দাঙ্গাবিরোধী ভূমিকা গ্রহণ করেছিলেন, ১৯৪৭ সালে সংঘের চতুর্থ বার্ষিক সম্মেলনীতে সভাপতিত্ব করেন।

১৯৩৮ সালে, সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের তৃতীয় কন্যা কমলা দেবীর সঙ্গে বিবাহ হয় মানিক বন্দ্যোপাধ্যায়ের তাঁর চার পুত্র- কন্যা। মানিক বন্দ্যোপাধ্যায় এর চৌদ্দ ভাই- বোনের সংসারে পরিণত বয়স পর্যন্ত জীবিত ছিলেন দশ ভাইবোন, মানিক ছাড়াও অন্য সকল ভাই-ই ছিলেন আর্থিক বিবেচনায় সুপ্রতিষ্ঠিত চিকিৎসকের পেশা সূত্রে রাঁচিতে স্থায়ী হয়েছিলেন। তা ছাড়া অন্য ভ্রাতাগণ নিজ নিজ বাড়িতে অর্থাৎ, কলকাতায় বসবাস করতেন, একমাত্র ব্যতিক্রম মানিক, সংকীর্ণ পরিসরে ভাড়াবাড়িতে তিনিই ছিলেন, মানিকের জ্যেষ্ঠ ভ্রাতা ডক্টর সুধাংশুকুমার বন্দ্যোপাধ্যায় ছিলেন আবহাওয়াবিদ, মানিকের তৃতীয় ভ্রাতাও ছিলেন উচ্চপদস্থ সরকারি চাকরি, এবং পরবর্তী ভাই ইঞ্জিনিয়ার। বিশেষত সর্বকনিষ্ঠ ভ্রাতা ছিলেন ব্যবসায়ী প্রতিষ্ঠিত।

বাংলা কথা সাহিত্যে অসাধারণ স্রষ্টা মানিক বন্দ্যোপাধ্যায়কে নিয়ে যেমন জিজ্ঞাসা ও বিতর্কের শেষ নেই, তেমনি তাঁর আত্মপ্রত্যয় দৃঢ়তা ও সমৃদ্ধ প্রচলনকে ভাঙার প্রয়াস, তাঁকে কত রক্তাক্ত করেনি। 'গল্প লেখার গল্প' লিখতে গিয়ে তিনি বলেছেন তাঁর গল্প পড়ার অভিজ্ঞতার কথা, ১২- ১৩ বছর বয়সের মধ্যে যখন তিনি বিষবৃক্ষ, গোরা, চন্দ্রশেখরের মতো উপন্যাস পড়েছেন, তিনি বলেছেন- "বড় ঈর্ষা হত বই যাঁরা লেখেন তাঁদের উপরে। আরো মনে হয় যে সেই ঈর্ষার

মধ্যেই লুকিয়ে ছিলো একদিন লেখক হবার চেষ্টা করার সাধ", আত্মস্বীকৃতি করলেও তিনি লেখক হতে চেয়েছিলেন জীবনকে বুঝবার জন্যে গভীর আগ্রহে পড়তেন গল্প-উপন্যাস, "গল্প উপন্যাস পড়ে নাড়া খেতাম গভীরভাবে, গল্প উপন্যাসের জীবনকে বুঝবার জন্য ব্যাকুল হয়ে তল্লাস করতাম বাস্তবজীবন।" জীবনকে বুঝতে কথাসাহিত্য এবং কথা সাহিত্যকে বুঝতে জীবনের কাছে হাত পাতার এই সূক্ষ্ম প্রয়াস, আমরা যুগলবন্দীর নামই মানিক বন্দ্যোপাধ্যায়। মানিকের মনে প্রশ্ন জাগে ও প্রবল হয়ে ওঠে এ ভাবনা যে, "সাহিত্যে বাস্তবতা অনাদৃত কেন, সাধারণ মানুষ ঠাঁই পায় না কেন, মানুষ হয় ভালো নয় মন্দ, ভালো মন্দ মেশানো হয় না কেন?"

এখানে তিনি সাহিত্যের জীবন ও বাস্তব জীবনের বিরোধ ও তাদের মধ্যে দ্বান্দ্বিক সম্পর্ক আবিষ্কার করেন। নিজের জীবন বোধের বিকাশের উপর উল্লেখ করতে গিয়ে মানিক বন্দ্যোপাধ্যায় বলেছেন—

"ছেলেবেলা থেকেই গিয়েছিলাম ঝেঁকে অল্পবয়সে কোন ঝোঁকের, আকর্ষণ খুব জোরালো হলে এটা ঘটবেই, ভদ্র জীবনের সীমা পেরিয়ে ঘনিষ্ঠতা জন্মেছিলো নীচের স্তরের দারিদ্র্য-জীবনের সঙ্গে, উভয় স্তরেই জীবনের অসামঞ্জস্য, উভয় স্তরের জীবন সম্পর্কে নানা জিজ্ঞাসাকে স্পষ্ট ও জোরালো করে তুলতো।"

১৯৪৩ সালে পিতৃগৃহ বিক্রির সময়ে মানিক জ্যেষ্ঠ ভ্রাতা অন্য ভ্রাতাদের অর্থলোলুপতা প্রত্যক্ষ করেন, রাঁচি থেকে শীর্ষভ্রাতা জানান, যেদিন বাড়ি বিক্রির টাকা মিলবে সেদিন সকলেই তিনি জানাবেন তার আগে নয়, মানিক ছাড়া অন্য সকলের সচ্ছল আর্থিক অবস্থান সত্ত্বেও

পিতৃ সম্পদের অংশ লাভের ক্ষেত্রে তাঁরাই অধিকতর আগ্রহ প্রদর্শন করেন।

১৯৪৭ সালে সংস্কৃতিসম্পন্ন ভাইদের সঙ্গে মানসিক দিক থেকে শত বিচ্ছেদ বিপত্তি সত্ত্বেও কেবল সদ্ভাবতার কারণে যে প্রগাঢ় আত্মীয়বোধ বিরাজমান ছিল সে বিষয়ে ও মানিক সচেতন হন, বাড়ি বিক্রির সময় অর্থ ভাগ বাঁটোয়ারার দল মায়ের ব্যবধানই মানিকের বৃদ্ধ পিতা সম্পূর্ণ পুত্রদের সংসারে অপ্রয়োজনীয় ভারে পরিণত হন। কলকাতার তিলপুরের নিজস্ব বাড়ি থাকা সত্ত্বেও মানিকের সংকীর্ণ পরিসর ভাড়া বাড়িতে পিতাকে আশ্রয় নিতে হয়। আরও একবছর পরে পিতা কোথায় থাকবেন তা নিয়ে ভাইদের হীনতা স্বার্থবুদ্ধি ও ভদ্রলোক-সুলভ মানসিকতা প্রকটরূপ লাভ করে। এ নিয়ে অনুজের কাছ থেকে অপমানজনক আচরণের শিকার হন তিনি।

১৯৪৯ সালের সেই সময় প্রায় প্রতিমাসেই একাধিকবার তিনি মৃগী রোগে আক্রান্ত হন। মৃগী রোগ কেন হয়, লক্ষণ কী, উপশমের উপায় কী, প্রভৃতি সম্পর্কে তিনি পড়াশোনা করেছেন। বহুমুখী মানসিকতা উদ্বেগ কমিয়ে, শান্ত এবং সরল জীবনযাপন করতে পারলে এই রোগের হাত থেকে কিছুটা অব্যাহতি পাওয়া যায়, এমন ভাবনায় তিনি মানসিক উদ্বেগ কমানোর সযত্নে চেষ্টা করতেন।

১৯৫৫ সালে দুর্ঘটনা এর দু-পর্যায়ে মানিক তিন মাসের ও অধিককাল হাসপাতালে চিকিৎসাধীন থাকেন। প্রথমবার হাসপাতাল থেকে যেদিন বাড়ি ফেরেন সেদিনই ভিন্ন একটা দুর্ঘটনায় পা ভেঙে হাসপাতালে ভর্তি হন। তারপর প্রায় বছরকাল সে হাসপাতালে চিকিৎসাধীন থাকে। ওই বছর তাঁর বৃদ্ধ পিতাকেও কিছুদিন হাসপাতালে চিকিৎসা করাতে হয়। নতুন নতুন রোগের আক্রমণে মানিক আরও অসুস্থ হয়ে পড়ে। ফলে দুবারের হাসপাতালে চিকিৎসা ও মানিককে আর সুস্থ করতে

সম্ভব হয় না, এর আরও কারণ সুরাসক্তি সাহিত্যের- অপারগতা ও আর্থিক অনিশ্চয়তা, দারিদ্র থেকে মুক্তির জন্য অনবরত লেখা, উদ্বেগ থেকে মুক্তির জন্য সুরাসক্তি; এই অন্ধ চক্রাবর্তনে মানিক খুব দ্রুত আত্মক্ষয় করেছিলেন, শেষ পর্যন্ত মৃগী এর রোগ, রক্ত আমাশা ও লিভা রোগ একসাথে আক্রমণে বিপর্যস্ত করে এই প্রতিভাবান লেখককে ভূপাতিত করলো। বাড়িওয়ালার সঙ্গে মামলা মোকদ্দমা, আর্থিক সংকট, অত্যধিক সুরাপান, বারবার রক্ত আমাশয়ের আক্রমণ ইত্যাদি মিলিয়ে তাঁর প্রাণশক্তি ক্রমশঃ ক্ষীয়মান হতে থাকে। ১৯৫৬ সালের ৩ ডিসেম্বর সোমবার তিনি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মানিক বন্দ্যোপাধ্যায়ের জীবদ্দশায় উপন্যাস গল্প নাটক - গ্রন্থাবলি মিলিয়ে ৫৭ টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। প্রথম গ্রন্থ 'জননী' উপন্যাস ১৯৩৬ সালে প্রকাশিত। সর্বশেষ গ্রন্থ 'মাশুল' উপন্যাস ১৯৫৬ সালে মৃত্যুর এক মাস আগে প্রকাশিত, মানিকের মৃত্যু এর পর তাঁর উপন্যাস - গল্প - কবিতা - প্রবন্ধ রচনাবলি মিলিয়ে অন্তত ৩৫ টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য তেরো খণ্ডে প্রকাশিত - 'মানিক গ্রন্থাবলি' (১৯৬৩-৭৬) এবং "অপ্রকাশিত মানিক বন্দ্যোপাধ্যায়" (১৯৭৬)।

মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্প গ্রন্থগুলি হলো :

১। অতসী মামি (১৯৩৫), ২। প্রাগৈতিহাসিক (১৯৩৭), ৩। মিহি ও মোটা কাহিনী (১৯৩৮), ৪। সরীসৃপ (১৯৩৯), ৫। বৌ (১৯৪৩) ৬। সমুদ্রের স্বাদ (১৯৪৩) ৭। হলুদপোড়া (১৯৪৫) ৮। আজকাল পরশুর গল্প (১৯৪৬) ৯। খতিয়ান (১৯৪৭) ১০। মাটির মাশুল (১৯৪৮) ১১। ছোট বকুলপুরের যাত্রী (১৯৪৯), ১২। লাজুকলতা (১৯৫৪),

## মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলি হলো:

১। জননী (১৯৩৫) ২। দিবারাত্রির কাব্য (১৯৩৫) ৩। অহিংসা (১৯৪১) ৪। পুতুলনাচের ইতিকথা (১৯৩৬), ৫। পদ্মানদীর মাঝি (১৯৩৬) ৬। জীবনের জটিলতা (১৯৩৬) ৭। অমৃতস্য পুত্রা (১৯৩৮) ৮। ধরাবাঁধা জীবন (১৯৪১), ৯। প্রতিবিম্ব (১৯৪৩) ১০। দর্পণ (১৯৪৫), ১১। চিহ্ন (১৯৪৭) ১২। পেশা (১৯৫১) ১৩। হরফ (১৯৫৬) ১৪। আরোগ্য (১৯৫৩) ১৫। স্বাধীনতার স্বাদ (১৯৫১) ১৬। সার্বজনীন (১৯৫২) ১৭। সোনার চেয়ে দামি (১৯৫১) ১৮। পরাধীন প্রেম (১৯৫৫) ১৯। পাশাপাশি (১৯৫২), ২০। শুভাশুভ (১৯৫৪)।

## মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনা প্রকাশকালীন যে সব পত্র পত্রিকায় প্রকাশিত:

'বিচিত্রা', 'বঙ্গশ্রী', 'পূর্বাশা', 'আনন্দবাজার পত্রিকা', 'যুগান্তর', 'সত্যযুগ', 'প্রবাসী', 'দেশ', 'নতুনবাজার', 'বসুমতী', 'রংমশাল', 'ভারতবর্ষ', 'কালান্তর', 'মৌচাক', 'চতুরঙ্গ', 'ভারতী', 'ক্রান্তিকাল', 'সংবাদ', 'সুবর্ণা', 'সোনার বাংলা', 'স্বরাজ', 'মুর্শিদা', 'সারথী', 'পরিচয়', 'আগামী', 'রূপান্তর', 'উল্টোরথ', 'স্বাধীনতা', 'প্রভাতী', 'নবশক্তি', 'নরনারী', 'নওজাদী', 'বজ্রশক্তি',

# দ্বিতীয় অধ্যায়:-

## সমকালের জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট:

মানিক বন্দ্যোপাধ্যায়ের যে সময়ে জন্ম হয়েছিলো সেই সময়ে তিনি প্রথম বিশ্বযুদ্ধ এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধকে অনেক কাছ থেকে দেখেছিলেন, সেইসময়ের সূচনা হয়েছিলো স্বদেশী আন্দোলন, বিদেশি দ্রব্য বর্জন, কৈশোরে আর পাঁচজনের মত তিনিও দেখেছেন সেই মহাযুদ্ধ, আর সেই মহাযুদ্ধের ফলস্বরূপ তিনি প্রত্যক্ষ করেছিলেন অর্থনৈতিক সংকট, যা অস্তিত্ব রক্ষার বিপর্যয়ে পর্যুদস্ত হয়ে উঠেছিলো মধ্যবিত্ত সমাজে, তাই যে সমস্ত বিশ্বাসবোধ মানুষ এত কাল নিজেদের রক্ষা করে এসেছিলো তা আর বাঁচিয়ে রাখা সম্ভব হচ্ছিলো না,

দ্বিতীয় বিশ্বযুদ্ধের আবহে সমগ্র মানব সভ্যতাকে বিরাট প্রশ্ন চিহ্নের মুখে এসে দাঁড় করিয়ে দিয়েছে, ভারত ও এই যুদ্ধের দাবানল থেকে রক্ষা পেলো না, ব্রিটিশদের সঙ্গে ভারতও এই যুদ্ধে জড়িয়ে পড়ল, সাল ১৯৪১. মানিকের জীবনের ৩৩তম বছর।
দ্বিতীয় বিশ্বযুদ্ধ ক্রমাগত ভয়ঙ্কর ধ্বংসাত্মক রূপলাভ করে চলেছে। ইংরেজদের দমন পীড়ন চলছে, দেশের মধ্যে পূর্ণ স্বাধীনতার দাবিতে আন্দোলন, প্রতিবাদ মিছিল তীব্র থেকে তীব্রতর হচ্ছে। সমাজের সর্বস্তরের মানুষ ইংরেজ অত্যাচারের বিরুদ্ধে একত্রিত হয়ে চরম লড়াইএর পথে এগিয়ে আসছেন, কলকাতায় এলগিন রোডের বাড়িতে অন্তরীন থাকা অবস্থায় সুভাষচন্দ্র ইংরেজ পুলিশের চোখে ফাঁকি দিয়ে গৃহত্যাগ করেন, ভারতের স্বাধীনতার জন্য তিনি বিদেশি সামরিক শক্তির সাহায্য পেতে অক্ষ শক্তির দেশগুলির কাছে সাহায্য প্রার্থনা করেন, নভেম্বরে 'আজাদ হিন্দ সংঘের' প্রথম বৈঠক স্বদেশি মনোভাবের

পারিভাষিক সম্ভাষণ হিসাবে 'জয় হিন্দ' শব্দের প্রচলন শুরু হয়। ১৯৪৩ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান-আচ্ছন্ন গোষ্ঠী-ভোজ পৃথিবীতে। আমেরিকার সেনাবাহিনীর কাছে জাপানি সেনাদের একাংশের আত্মসমর্পণ, ফ্যাসিস্ট মুসোলিনীকে ইতালিতে জনগণ প্রত্যাখ্যান করলে মুসোলিনী সরকারের পতন। টোকিও থেকে পূর্ব এশিয়ার ভারতীয়দের উদ্দেশ্যে একটি বেতার ভাষণে সুভাষচন্দ্র, ভারতীয় নারীদের নিয়ে গড়ে তোলেন ঝাঁসির রানী বাহিনী, মানিকের জীবনে ৩৬ তম বছর।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চরম পরিণামের দিকে এগিয়েছে। বছরের শুরুর দিকেই এদেশে ফ্যাসি-বিরোধী লেখক-শিল্পী সংঘের প্রতিষ্ঠা। গ্রীস ও ফ্যাসিবাদের হাত থেকে আলবেনিয়াকে মুক্ত করে জনগণ, জুনে এগারো হাজার বোমারু বিমান ও সুবিশাল সেনা বাহিনী সহ ব্রিটিশ মার্কিন নৌবাহিনী নোঙর ফেলল ফ্রান্সে। আগস্টে স্বাধীন হলো ফ্রান্স। সুভাষচন্দ্র আজাদ হিন্দ ফৌজের মাধ্যমে ইংরেজদের হাত থেকে ভারতকে স্বাধীন করার লক্ষ্যে এগিয়ে চলেছেন, 'স্বাধীনতা অথবা মৃত্যু' এই ছিলো আজাদ হিন্দ ফৌজের বীজমন্ত্র। সাম্প্রদায়িকতার ভিত্তিতে ভারত ভাগের তীব্র বিরোধিতা করে সুভাষচন্দ্র এক বেতার ভাষণে বলেন —

"আমরা ঐক্যবদ্ধ ও স্বাধীন ভারত সৃষ্টির সংকল্প গ্রহণ করেছি, সুতরাং আমরা বিরোধিতা করবো, আমরা বুঝেছি যে একটি দেশকে বিভক্ত করার অর্থ হলো অর্থনীতি, সংস্কৃতি ও রাজনৈতিক দিক থেকে তাকে ধ্বংস করা।"

জার্মান কমিউনিস্ট পার্টির নেতা তথা বিশ্ব কমিউনিস্ট আন্দোলনের তাত্ত্বিক থেলমান জেলের মধ্যে

শুরু হলো। ফেব্রুয়ারিতে সোভিয়েতের ইয়ালটায় মিত্রশক্তি সম্মেলন অনুষ্ঠিত হয়। এপ্রিলে মিত্র শক্তির কাছে নাৎসী সরকার আত্মসমর্পণ করে। সেপ্টেম্বর মাসে জাপানের আত্মসমর্পণের পাশে পাশে দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসান ঘটে। এই যুদ্ধে মৃত্যুর সংখ্যা প্রায় পাঁচ কোটি।

সাল ১৯৪৭ মানিকের জীবনের ৩৯ তম বছর ভারতমাতার মুক্তির বছর। ভারতবাসীর জীবনে পরাধীনতার অন্ধকার ঘুচে গেলে নতুন সকালের বছর। তেভাগা আন্দোলন ব্যাপকভাবে বাংলাদেশে ছড়িয়ে পড়ে। একই সঙ্গে জমিদারি প্রথার উচ্ছেদ এবং বর্গাচাষিকে জমির মালিক করার দাবি জানিয়েছিলো আন্দোলনকারীরা। দিল্লিতে হিন্দু মহাসভা ওয়ার্কিং কমিটির বৈঠকে অখণ্ড ভারতের কথা ঘোষণা করে এবং 'পাকিস্তান বিরোধী দিবস' পালনের সিদ্ধান্ত গ্রহণ করেন। লর্ড মাউন্টব্যাটেন 'ডোমিনিয়ন স্টেটাস' দানের ভিত্তিতে ভারত ও পাকিস্তানের দুটি কেন্দ্রীয় সরকারকে ক্ষমতা হস্তান্তর করার পরিকল্পনাটি গ্রহণ করেন। প্রায় সকলেই দেশবিভাগ ও ক্ষমতা হস্তান্তর এর পরিকল্পনাটি গ্রহণ করে গান্ধিজি তাঁর মত পরিবর্তন করেন। মাউন্টব্যাটেন কংগ্রেস ও লীগ নেতাদের সঙ্গে বসে ভারত ভাগের পরিকল্পনাটি চূড়ান্ত করেন। পরিকল্পনাটি এইরকম ছিলো - হিন্দু প্রধান অঞ্চল নিয়ে ভারত যুক্তরাষ্ট্র এবং মুসলিম প্রধান অঞ্চল নিয়ে পাকিস্তান গঠন করা হবে। পাঞ্জাব ও বাংলাদেশকে ভাগাভাগি করে পূর্ববঙ্গ ও পশ্চিম পাঞ্জাব পাকিস্তানকে দেওয়া হবে। জাতীয় কংগ্রেস ভারত ভাগের পরিকল্পনা গ্রহণ করার উত্তর পশ্চিমের সীমান্ত প্রদেশের নেতা খান আবদুল গফ্ফর খান এবং তাঁর লাল কুর্তা দল কংগ্রেসের তীব্র সমালোচনা করেন। স্যার সিরিল র‍্যাডক্লিফের

নেহরুর দুজন কংগ্রেস এবং দুজন লীগ সদস্য নিয়ে Bound ary Commission ভারত ভাগের প্রস্তাব ঘোষণা করেন। সীমান্তবর্তী অঞ্চলগুলির জনভোটের রায়ের ভিত্তিতেই ব্রিটিশ পার্লামেন্ট ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স বিল পাশ হয়। এই আইন অনুসারেই ভারত ও পাকিস্তান নামে দুটি স্বতন্ত্র ডোমিনিয়ন রাষ্ট্রের সৃষ্টি হয়, যেসব অসংখ্য বিপ্লববাদী ভারতসন্তান দেশের স্বাধীনতার জন্য আত্মবলিদান করেছিলেন তাদের স্বাধীনতা সংগ্রামের লক্ষ্য ছিলো জাতীয় ঐক্য ও ভারতের ভৌগোলিক অখন্ডতা রেখে পূর্ণ স্বাধীনতা অর্জন করা, কিন্তু শেষপর্যন্ত তা বিপর্যস্ত হলো দেশভাগের মধ্য দিয়ে।

১৯৪৮ সালে সদ্য স্বাধীন হওয়া দেশ তখন আত্মপ্রতিষ্ঠা ও আত্মবিকাশের স্বপ্নে সমুজ্জ্বল। মানিকের বয়স তখন ৪০ বছর। সদ্য স্বাধীন হওয়া দেশের পথে কত বাধা, কত নিগ্রহ, কত প্রতিকূলতা, এ প্রকৃতি অবশ্য টের পেতে আমরা শুরু করেছি। সর্দার বল্লভভাই প্যাটেল দেশীয় রাজ্য দপ্তরের নিজ দায়িত্ব গ্রহণ করেন। ১৯৪৭ এর ২২ ডিসেম্বর পাকিস্তান কাশ্মীর মদতে হানাদার বাহিনী কাশ্মীরে প্রবেশ করে এবং কাশ্মীরের বিস্তীর্ণ অঞ্চল অধিকার করে ফেলে। আত্মরক্ষার স্বার্থে তদানীন্তন কাশ্মীরের রাজা হরি সিং ও এ বছর ভারতভুক্তির দলিলে স্বাক্ষর করেন, প্রত্যুত্তরে পাকিস্তান তার দখলীকৃত অংশে, আজাদ হিন্দ কাশ্মীর নামে একটি সমান্তরাল সরকার গঠন করেন, ফলে ১৯৪৮ এ ভারত পাক যুদ্ধ বাধে, ৩১ ডিসেম্বর নিরাপত্তা পরিষদ কাশ্মীরে যুদ্ধ বিরতি ঘোষণা করে। ১৯৪৯ সালে মানিকের জীবনের একচল্লিশতম বছর, পারিবারিক ঝামেলা, প্রবল অর্থাভাব, অসুস্থতা, ইত্যাদির মধ্যে মানিক বন্দ্যোপাধ্যায় আত্মপ্রতিষ্ঠার জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন, তার চারপাশে ঘটে চলেছে নানান সব ঘটনা, সব ঘটনা গুলি তিনি নিজে উপলব্ধি করেছিলেন, প্রত্যক্ষ করে

করেছিলেন দুই বিশ্বযুদ্ধেই। এই সমস্ত ঘটনাগুলি দেখার পর, তাঁর সাহিত্য সৃষ্টিতে অন্যরকম ভাবনার উৎপত্তি ঘটেছে। তিনি জীবনটাকে আর আগের মত সহজ সরল ভাবে দেখেননি। মানিক বন্দোপাধ্যায় সচেতন দৃষ্টি রেখেছেন, তার পাশে ঘটতে থাকা এই সব ঘটনার উপর। এবং তাঁর জীবনে এর ঘটনাগুলিতে সাহিত্যগুলিতে এর প্রভাব দেখা যায়।

# তৃতীয় অধ্যায়:
## চল্লিশের দশকে সাম্প্রদায়িক দাঙ্গা ও উদ্বাস্তু সমস্যা:-

### সাম্প্রদায়িক দাঙ্গা:-

১৬ আগস্ট ১৯৪৬ থেকে ১৫ আগস্ট ১৯৪৭, এই এক বছরের ভারতের ইতিহাস ক্ষমতা হস্তান্তর এর প্রস্তুতি পর্ব। পাশাপাশি এই কালপর্বে ভারতের অনেক চরম নারকীয় অধ্যায়ও। হিন্দু ও মুসলমান এর মধ্যে সাম্প্রদায়িক অবিশ্বাস, ঘৃণা, সংঘর্ষ, আক্রোশ, হত্যা, ভয়াবহ হানাহানি, দাঙ্গার জন্ম দেয়। 'প্রত্যক্ষ সংগ্রাম দিবস' ১৬ আগস্ট যে দাঙ্গার সূচনা করে তার উদ্দেশ্য শুধু হিন্দু মুসলমানের মধ্যে বিদ্বেষ, হানাহানি নয়, আসল উদ্দেশ্য ছিলো পাকিস্তান রাষ্ট্রের দাবীর পক্ষে সীমাহীন বর্বরতা। প্রায় অর্ধ শতাব্দীকালের স্বাধীনতা সংগ্রামে ও ব্রিটিশ বিরোধীতা বদলে গেলো ভ্রাতৃঘাতী লড়াইয়ে। জিন্নার পাকিস্তানের দাবীতে অনড় থাকা এবং লীগের তরফে ঘোষণা করা যে, পাকিস্তান গঠনে কংগ্রেস ও হিন্দুরা বাধা দিচ্ছে। বাংলা ও সিন্ধু প্রদেশের লীগ সরকারও ঐ দিনটিকে ছুটি ঘোষণা করে দাঙ্গার পথ প্রশস্ত করে দেয়।

'গ্রেট ক্যালকাটা কিলিং' নামে এই ভয়াবহ দাঙ্গা তিন দিন ধরে চলে। বেশির ভাগ ক্ষেত্রে দরিদ্র দিনমজুর, সাধারন দোকানদার, পথচারি দাঙ্গায় প্রান হারিয়েছিলেন, এর সঙ্গে ছিল লুঠতরাজ, অগ্নিসংযোগ ধর্ষণের মতো জঘন্য বর্বরতা, দেখতে দেখতে দেশের অন্যান্য প্রদেশ পাঞ্জাব, বিহার, নোয়াখালি প্রভৃতি জায়গায় দাঙ্গার লেলিহান শিখা ছড়িয়ে পড়ে। হিন্দু মুসলমান, শিখ মিলিয়ে প্রায় পাঁচ লক্ষের বেশি মানুষ এই কবছরে দাঙ্গায় প্রান হারিয়ে ছিলেন। অথচ

গোয়েন্দা রিপোর্টে প্রত্যক্ষ সংগ্রামের বিস্ময়কর পরিণতি সম্পর্কে আভাস থাকা সত্ত্বেও ইংরেজ সরকার কোনো ব্যবস্থা নেয়নি, কংগ্রেস ও লীগের দাড় টানাটানি ও ইংরেজ সরকারের পক্ষপাতিত্বের ভয়াবহ পরিণতি সেদিনের দাঙ্গা।

সমগ্র মধ্যযুগ জুড়ে সংখ্যাগরিষ্ঠ হিন্দুরা সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের শাসন মেনে নিতে বাধ্য হয়েছিলো, কিন্তু ব্রিটিশ শাসনকালে একটু একটু করে হিন্দুরা নিজেদের শক্তি সঞ্চয় করে উঠে দাঁড়িয়েছিলো, আর অন্যদিকে স্বাধীনতার পরবর্তীতে মুসলিমরা ভেবেছিলো বহুযুগ ধরে তাদের হাতে শাসিত হয়ে আসা দেশের শাসনভার অংশটাই দেশভাগ হলে হিন্দুদের হাতে চলে যাবে, মুসলিমরা এটা মেনে নিতে পারেনি, তাই স্বাধীনতা প্রাপ্তির প্রাক্কালেই হিন্দু মুসলিম সাম্প্রদায়িক বিদ্বেষ থেকে একে অপরের উপর ঝাঁপিয়ে পড়ে। এই ভয়ঙ্কর নারকীয় হত্যালীলার চারপাশে শুধু চাপচাপ রক্ত, লাশ, ধ্বংসের চিহ্ন অসহায় ভীত মানুষের আর্তনাদ আর বর্বর লোভী ঘাতকদের উল্লাস।

কলকাতার দাঙ্গার খবরে গোটা দেশ উত্তাল হয়ে ওঠে, দেখতে দেখতে হিংসার আগুন সমগ্র দেশে ছড়িয়ে পড়ে। বোম্বাই-আহমেদাবাদ, নোয়াখালি, বিহার, পাঞ্জাব, দিল্লি প্রায় এক বছর ধরে চলা দেশজুড়ে এই নারকীয় হত্যালীলা, খুন, ধর্ষণ, বর্ণনাতীত করুণ অত্যাচারের সমাপ্তি অবশেষে আসে দেশভাগের মধ্য দিয়ে, দেশের মেরুদণ্ডকে দু টুকরো করে শান্ত হয়েছিলো সেদিনের ক্ষমতালোভী নরখাদকরা। দেশের এই ভয়াবহ পরিস্থিতির রাজনৈতিক প্রেক্ষাপটে একমাত্র আদর্শ রাজনৈতিক ব্যক্তি ছিলেন গান্ধীজি, দেশভাগ তিনি কখনো চাননি।

মানুষকে বোঝাতে চেষ্টা করেছেন প্রেমের ভ্রাতৃত্বের সঙ্গে। পূর্ববাংলার গ্রামের পথে পথে সম্প্রীতির সম্মিলনের বার্তা নিয়ে পায়ে হেঁটে কার্যত একক পরিক্রমা করেছিলেন ৪৭টি গ্রাম, জীবনের শেষ দিকে এই দিনটি পর্যন্ত তিনি দিল্লির হিংসা কবলিত অঞ্চলে মানুষের পাশে ফিরেছেন এবং প্রাণে ঠেকেছেন।

মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যে চল্লিশের দশকের ভয়াবহ দাঙ্গার ক্ষত দগদগে রেখায় অঙ্কিত। মানিক বন্দ্যোপাধ্যায় নিজেও সে সময় ছিলেন কলকাতায়, ফলে দাঙ্গার প্রত্যক্ষদর্শী অভিজ্ঞতা ও অভিঘাত তাঁর রচনার মধ্যে উঠে এসেছে, 'স্বাধীনতার স্বাদ' উপন্যাসে ভিটেমাটি নাটকে, খতিয়ান গল্পে এছাড়াও আরো অনেক তাঁর সাহিত্যকর্মে স্পষ্টভাবে ফুটে উঠেছে।

## উদ্বাস্তু সমস্যাঃ

১৯৪৭ এর ১৫ই আগস্ট মধ্যরাতে যে স্বাধীনতা ঘোষিত হয়েছিলো, তার সঙ্গে যুক্ত হয়ে আছে অসংখ্য রক্তক্ষয়ের আত্মত্যাগের যন্ত্রণা ও বেদনার অশ্রুবিধুর ইতিহাস, কারণ ভারতবর্ষে এবং পাকিস্তান এই দুটি দেশ জন্মগ্রহণ করেছিলো। এই বিভাজন ছিলো সাম্প্রদায়িক দ্বিজাতি বিদ্বেষ ও বিভেদনীতির ভিত্তিতে। ফলে স্বাধীনতার সঙ্গে এলো দেশভাগ, অসংখ্য মানুষ তাদের স্বদেশ, স্বগ্রাম, স্বজন, ভিটে মাটি অস্তিত্ব হারিয়ে বাধ্য হলো এপারে চলে আসতে অথবা ওপারে চলে যেতে। এই দেশভাগ ছিলো উপমহাদেশে ভূমিকম্পের মতো। বাঙালি জাতি সত্তা, সংস্কৃতির বিনষ্ট ঘটে গেছে দেশ ভাগের মধ্য দিয়ে, দেশভাগের আগে পরে ভয়ঙ্কর দাঙ্গায় লক্ষ লক্ষ মানুষ প্রাণ হারিয়েছিলেন, আরও বহু লক্ষ

ছিন্নমূল, গৃহহারা হয়েছেন। হাজার হাজার নারী ধর্ষণের শিকার হয়েছেন। যুবতী নারীকে নগ্ন অবস্থায় রাস্তায় হাঁটানো হয়েছে। গৃহবধূ ও যুবতী নারীদের জোর করে বিধর্মী পুরুষদের সঙ্গে সহবাসে বাধ্য করা, অথবা কোনো পরিবার প্রাণে বাঁচার জন্য বাড়ির মেয়েকে তুলে দিয়েছেন নরখাদকের হাতে। এইসব ঘটনা খুব লজ্জাজনক।

সমাজের এই সামগ্রিক, কষ্টকর পরিস্থিতি সঙ্গে উদবাস্তু সমস্যার ঢেউ আছড়ে পড়েছিলো। পশ্চিমবঙ্গে সমাজ অর্থনীতি, রাজনীতির ক্ষেত্রে এই ছিন্নমূল বাস্তুহারা মানুষেরা আশ্রয় নিলো রিফিউজি ক্যাম্পে, শিয়ালদহ স্টেশনে, রাস্তায়, গলিতে গলিতে কলকাতা সহ পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে। ভিটেমাটি হারা এই মানুষগুলির অস্তিত্ব রক্ষার সংগ্রাম পূর্ববাংলা সহ পাঞ্জাব প্রদেশেও জারি ছিলো, কিন্তু এই উদবাস্তু জীবনের ঘনিয়ে আসা করুণ দিনলিপি, ভিটে হারানোর যন্ত্রণা কতখানি নির্মম ছিলো, এই পরিবার গুলিকে অনিশ্চিত অন্ধকারের মধ্যে দিয়ে হাঁটতে হয়েছে কারুণ্যে দারিদ্র্য, অভাবে, তাড়নায়, সে বেদনার ভাষা অন্তহীন।

উদবাস্তু সমস্যার সাথে, খাদ্যসংকট বেকারত্ব, জবরদখল, পার্টিশনের সংকট, রেশনিং ব্যবস্থার অভাব প্রভৃতি সমস্যাও উপস্থিত হয়েছিলো। দীর্ঘকাল পরাধীন ভারত দেশের অর্থনৈতিক অবস্থা ছিল রুগ্ন। দ্রুত কৃষি ব্যবস্থার উন্নতির জন্য পরিকল্পনা নেওয়া যায়নি। প্রায় পনেরো লক্ষ মানুষ এর কলকাতা শহর ভর্তি করে উদবাস্তু জনস্রোত এর ধাক্কায় এক কোটির বেশির মানুষের শহরে পরিণত হলো। অভাব দেখা দিলো খাদ্যে, বাসস্থান সর্বত্র।

তৎকালীন রাজ্য সরকারের অপরিণামদর্শী আচরণ সমস্যা আরও জটিল আকার ধারণ করে। স্বাধীনতা পরবর্তীকালে বেশকিছু রাজ্যে অর্থনৈতিক বিকাশ স্বাবলম্বিতা পেয়েছিলো কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা সম্ভব হয়নি। পশ্চিমবাংলার আকাশে তখন নানাবিধ সমস্যার মাঝে উদবাস্তু সমস্যার মেঘ ঘনিয়ে, স্বাধীনতা পরবর্তীকালে ও দাঙ্গার আগুন জ্বলছিলো, রাজশাহি, খুলনা, ফরিদপুর, বরিশালে। তার ফলে উদবাস্তু স্রোত বন্যে আরও প্রবলভাবে দেখা যায়, এরা বেশিরভাগই খেটে খাওয়া সাধারণ নিম্নবিত্ত শ্রেণীর মানুষ। পরবর্তীকালে ঘটনাপ্রবাহ বিভিন্ন দিকে এগিয়েছে, কিন্তু পশ্চিমবাংলার উদবাস্তু স্রোত পুরোপুরি বন্ধ হয়নি।

উদবাস্তু পুনর্বাসনের জন্য পশ্চিমবঙ্গে পরিকল্পনা হয়েছে অনেক - টাইপ স্কিম, ইউনিয়ন বোর্ড স্কিম ইত্যাদি, তবু কেন্দ্র ও রাজ্য সরকার স্থায়ী ভাবে উদবাস্তুদের জন্য বড় কোনো পরিকল্পনা নেয়নি, তারা ভেবেছিলো পরিস্থিতি শান্ত হলে উদবাস্তুরা হয়তো নিজেদের স্থানে ফিরে যাবে, কিন্তু তেমনটা হয়নি। ফলে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় উদবাস্তুরা বসতি স্থাপন করতে থাকে এবং ধীরে ধীরে জনসাধারণের সঙ্গে মিশে যেতে হচ্ছে। কিন্তু খাদ্যসংকট, মূল্যবৃদ্ধি, বেকারত্ব, কাজের অভাব ও সার্বিকভাবে অর্থনৈতিক অবক্ষয় এই ছিন্নমূল মানুষগুলির জীবন সংগ্রামকে কঠিন থেকে কঠিনতর করে তুলেছিলো, মাথা গোঁজার এখন ঠাঁই ছিলো না, স্ত্রী-সন্তানের মুখে অন্ন তুলে দেওয়ার মত সামর্থ্য ছিলনা, তখনও এই উদবাস্তুরা জীবনের আশা ছাড়েনি, নিরলস সংগ্রামের পথ বেয়ে ভয়ঙ্কর হিংস্র রক্ত, খাদ্যাভাব, চোখের জল আর -

অসহায়তার পথ বেয়ে সর্বহারা মানুষগুলি টিকে-থাকার চেষ্টা করেছে প্রাণপণ, অধিকার যেকোনো মিছিলে, সংগ্রাম-আন্দোলনে উদ্বাস্তুদের ভূমিকা ছিলো চোখে পড়ার মতো।

সমালোচকের ভাষায়- "প্রতিটি গণসংগ্রামে সবচেয়ে সক্রিয় অংশীদার সবচেয়ে লড়াকু অগ্রবাহিনী ছিলো উদ্বাস্তুরা, বিশেষত উদ্বাস্তু কিশোরেরা। তাদের বুকে ছিলো প্রচণ্ড রাগ, ক্ষোভ, জীবন ছাড়া হারাবার তেমন কিছু ছিলো না।" বেশিরভাগের ক্ষেত্রে দেখা যায় যখন দেশভাগ হলে সাধারণ মানুষেরা উদ্বাস্তু সমস্যার পড়েছিলো। দেশভাগোত্তর সময়ে অনিবার্য পরিণাম ছিন্নমূল জীবন যাপনের জন্য কি সর্বতোভাবে নিঃস্ব হওয়ার যন্ত্রণা, বাংলা সাহিত্যে এই ছিন্নমূল মানুষেদের কাছে উদ্বাস্তু স্রোত, তাদের ক্যাম্পজীবন পুনর্বাসন, পরিবারে আশ্রয় না পেয়ে তাদের আশ্রয়ে স্থান হওয়া, নিঃসম্বল জীবন হিংসা, মারামারি, অবহেলিত অশ্লীল জীবনযাপন সবকিছুই উঠে এসেছে গল্প-উপন্যাসে কবিতায়। মানিক বন্দ্যোপাধ্যায়-এর বিভিন্ন গল্পে উপন্যাসে উদ্বাস্তু জীবনের ছবি দেখতে পাই সেখানে 'সোনার চেয়ে দামি' উপন্যাসে সার্বজনীন উপন্যাসে।

## চতুর্থ অধ্যায়ঃ

## মানিক বন্দোপাধ্যায়ের ছোটগল্প (নির্বাচিত) উদবাস্তু জীবনঃ

প্রথম বিশ্বযুদ্ধের পর পৃথিবী জুড়ে মানবিক মূল্যবোধের চরম সংকটময় মুহূর্তের বাংলা কথাসাহিত্যে যে কয়েকজন লেখকের হাতেই সাহিত্যজগতে নতুন এক বৈপ্লবিক ধারা সূচিত হয়, মানিক বন্দোপাধ্যায় ছিলেন তাঁদের মধ্যে অন্যতম, তিনি ফ্রয়েডীয় ও মার্কসীয় তত্ত্ব দ্বারা প্রভাবিত হয়েছে। মানিক বন্দোপাধ্যায় উপন্যাস ও ছোটগল্প দুই-ই রচনা করেছেন, দুটি ক্ষেত্রেই তিনি সার্থক, বেশ কিছু কবিতাও রচনা করেছেন তিনি, ছোটগল্পের মধ্যে মানিকের প্রতিভা সম্যক প্রকাশ পেয়েছে। ভাব ও আঙ্গিক দু দিক থেকেই ছোটগল্পগুলি অভিনব ও শিল্পময়, জীবনের অতি স্বল্পসময়ে তিনি রচনা করেন চল্লিশটি উপন্যাস ও দুই শতের বেশি ছোটগল্প, গল্পকার হিসাবেই বাংলা সাহিত্যে মানিকের আবির্ভাব, গল্প রচনার ক্ষেত্রে তাঁর তেমন কোনো প্রস্তুতি পর্ব নেই, তিনি যেন একেবারে পাহাড়ের চুড়া থেকে শুরু করেছেন। আত্মবিশ্বাসে বিন্দুমাত্র ঘাটতি নেই, প্রেমাবৃত সংযম নিয়ে বন্ধুদের সঙ্গে বাজী রেখে তৈরী করেছেন শিল্প প্রধানতার নিদর্শন, তাঁরই ফলশ্রুতি 'অতসী মামী', তখন তাঁর বয়স মাত্র কুড়ি বছর। যে সমাজ ব্যবস্থা মানুষকে শোষণ, বঞ্চনা, লাঞ্ছনায় অবমাননা ঘটিয়েছে, তাকে মানিক অনাবৃতভাবে তাঁর ছোটগল্পে তুলেছেন।

মানিক বন্দোপাধ্যায়ের অন্তরাত্মায় ছিলো এক যুক্তিবাদী মন, আর আবেগের ভাবালুতা তাঁর ছোটগল্পে সর্বজাগার যুক্তিবাদী মনকে কখনো স্পর্শ করতে পারেনি। পারিবারিক পারিপার্শ্বিক জীবনবোধ

লেখকের কথায় —

"নির্জন নিরালা জ্যোৎস্না রাতে, দুর্ভিক্ষে পরিত্যক্ত গ্রাম, উদবাস্তু মানুষটির কিছু চাল সংগ্রহ করে ঘাড় ফিরে আসার ব্যগ্রতা, বিত্তহীন ভিটেতে শীতরাতে একাকী সন্ন্যাসীর হাহাকার আহারের জন্য এবং তার মৃত্যু, সমস্ত এই গল্পটিতে একটি করুণ গীতি কবিতার মূর্ছনা তৈরী করেছে।"

প্রসঙ্গ :-

পঞ্চাশের মন্বন্তর, উদবাস্তু সমস্যা, বেকারত্ব, অর্থনৈতিক মন্দা ইত্যাদি পরিস্থিতি একে যুগে সমকালীন সমাজব্যবস্থা ও ব্যক্তি জীবনকে এবং জীবনের সকল শুভ মূল্যবোধগুলিকে বিনষ্ট করা হয়েছে, এই গল্পের সমীর চরিত্রের মধ্যে আমরা বিনাশের সমস্ত লক্ষণ খুঁজে পাই, বিপিনের জামাই সমীর অর্থনৈতিক দুরাবস্থার কারণে সম্পূর্ণ অধঃপতিত হয়েছে, তার চাকরি স্বাস্থ্য স্ত্রীর ভরসা, সুনাম সবকিছুই হারিয়েছে। এখন জোচুরি করে লোক ঠকিয়ে তার দিন চলে, এমনকি শ্বশুর বিপিনকেও ঠকিয়ে সে টাকা নিয়েছে। তার স্ত্রী জানায় যে, সে বিধবা, সমীর মারা গেছে তার কাছে। সমীর স্ত্রীর সঙ্গে একবার দেখা করবার ব্যাকুলতা প্রকাশ করলেও তার স্ত্রী রাধা কঠিনভাবে তা প্রত্যাখ্যান করে। কিছুদিন পরে সমীরের চিঠি আসে, সমীর শিয়ালদহ স্টেশনে মৃত্যুশয্যায় শায়িত। একবার শেষবারের মতো স্ত্রী পুত্র-কন্যাদের দেখতে চায়। ব্যাকুল রাধা এবং বিপিন গিয়ে তাকে তুলে আনে, রাত্রি গভীর হলে রাধাকে চুপি চুপি বিপিন জানায় সে খুব বেশি অসুস্থ নয়। শুধু তাদের একবার দেখার খুব ইচ্ছা ছিলো। শিয়ালদহ স্টেশনে অসংখ্য উদবাস্তুদের ভিড় এবং তাদের জীবনসংগ্রাম

সর্বস্ব হারিয়েও বেঁচে থাকার প্রানপণ লড়াই দেখে সবার সাথে জোর খুঁজে পায়।

সার্বজনীয় চেতনায় অনুপ্রাণীত হয়ে মানিক তাঁর জননী - উপন্যাসে 'বারবার জীবন সংগ্রামের ও উজ্জীবনের মন্ত্র তুলে ধরেছেন। এই জননী উপন্যাসে পঞ্চাশের দশকের বাংলাদেশের সমাজ জীবনের নানান টুকরো টুকরো ছবি আমরা পাই, যার মধ্য দিয়ে এই সময়ের স্বরূপটিকে আমরা অনুধাবন করতে পারি। মানিক বন্দ্যোপাধ্যায় দেখিয়েছেন মন্বন্তরের মধ্য দিয়ে, তার চেয়ে অনেক খারাপ অবস্থায় মানুষ বেঁচে আছে তাহলে সেই বা পারবে না কেন, তিনি দেখিয়েছেন হতাশা থেকে মানসিক দীনতা থেকে, পরাধীন চেতনা থেকে মুক্তির পথ।

## সুবালা:

এইগল্পে আমরা পূর্ববর্তী থেকে উদবাস্তু হয়ে আসা একটি দরিদ্র পরিবারের বধূকে পাই। বধূটির নাম সুবালা, তাঁর স্বামী তাদেরকে ফেলে রেখে পালিয়ে গেছে। তার স্বামী তাদের কোনো খোঁজ খবর করে না। নিজের সংসার চালানোর জন্য সুবালা তার শিশু পুত্রটিকে নিয়ে ভিক্ষা করে। ফুটপাতে বসে চাদরটা বিছিয়ে ছেলেকে সামনে ধরে সুবালা ভিক্ষা করেছে। হঠাৎ একদিন তার পুত্রটিকে চুরি করে নিয়ে পালিয়ে যায় এর জন্য ঘরে এসে সুবালাকে অনেক কথা শুনতে হয়, পরিবার পরিজনদের কাছ থেকে। এবং সুবালা দিনের পর দিন অপেক্ষা করতে থাকে কবে আবার তার পুত্রকে সে ফিরিয়ে দিয়ে যাবে। তারপর হঠাৎ একদিন তারবাড়িতে তার স্বামী এসে সুবালার খোঁজ করে। তারপর-

সেখানেই থেকে যায় তাঁর স্বামী, রাতারাতে পুলিশ হানা দেয় তাঁর স্বামীকে ধরার জন্য, কারণ শহরে যে অজস্র সম্পদ ও অন্যের টাকা চুরি করেছে যে, পুলিশ তাই তাকে ধরে নিয়ে যায়। এই নিয়েই গল্পের সমাপ্তি ঘটে।

পূর্ববঙ্গ থেকে আসা লক্ষ লক্ষ মানুষ সেদিন উদবাস্তু হয়ে জীবনে বেঁচে থাকার জন্য দুঃখ দুর্দশায় তাঁদের জীবন বিধ্বস্ত হয়ে গিয়েছিলো, অনেকেই ভিক্ষাবৃত্তিকে পেশা হিসেবে বেছে নিয়েছিলো। উদবাস্তু সমস্যার একটি করুন পরিণতি এইগল্পে আমরা দেখতে পাই।

## প্যানিক:

'জানাশুনা সব লোক শহর ছাড়িয়া পালাইয়াছে। জগদীশ এর মতো প্রিয়জনকে দূরে পাঠাইয়া নিজে যাওয়ার জন্য প্রস্তুত হইয়া আছে, গুমরাইয়া মানুষ সম্বন্ধে দিনেশের চেতনায় এক অদ্ভুত বিকারের সৃষ্টি করিয়াছে।'

যেকোনো মুহূর্তে বোমা পড়ার সম্ভাবনা, গুজব-আতঙ্ক, চারিদিকে অস্থির ভয়াবহ পরিস্থিতি একটা সন্ত্রাসের আবহ সৃষ্টি করেছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধ এর সময় কলকাতা থেকে বোমাতঙ্ক ও ব্ল্যাক আউটের সময়কার ঘটনা এবং শহরের মানুষের দুর্বিসহ জীবনের ছবি এই গল্পে মানিক সুনিপুন ভাবে বর্ণনা করেছেন। 'প্যানিক' নামটির মধ্যেও শহরে বোমাপড়ার আতঙ্ক ও অস্থিরতার ইঙ্গিত, নিরাপদ ভয়ে অনেকেই তাদের পরিবারকে দূরে পাঠিয়ে দিয়েছিলো, কিন্তু দিনেশ এর আত্মদম্ভে পাঠিয়ে দিতে পারেনি, কেননা তার সেরকম পারিবারিক কোনো ও পরিজন

যে 'দাঙ্গা', 'বাগদিপাড়া দিয়ে' প্রভৃতি অসাধারণ ছোট গল্প দেশের সাম্প্রদায়িক ও শোষক শ্রেণীর সম্মিলিত অত্যাচারে জর্জরিত দেশবাসীর বিপন্ন মানসিকতার আলেখ্য মানিক তাঁর বেশ কয়েকটি গল্পে রূপ দিয়েছেন, 'প্রাণ' গল্পে রয়েছে দুর্ভিক্ষ পীড়িত মানুষদের মৃত্যুর মুখে ঠেলে দিয়ে নিরাপদ জায়গায় জোতদারের গুদামে চাল পাচার, 'ইতি' গল্পে রয়েছে মজুরদের শোষণ করার ছবি, 'চোর চালানি' গল্পে রয়েছে শ্রমিক-আন্দোলনে জড়িত থাকার অপবাদে অকথ্য অত্যাচার প্রভৃতি। মানিক জীবনে যে যাবতীয় সামাজিক অত্যাচার প্রভৃতি শোষণ ও বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে হলে মানুষকে সর্বাগ্রে সচেতন হতেই হবে, সর্বাগ্রে প্রয়োজন শ্রেণী সচেতনতা। আসলে মানিক জানেন, জনগণকে সংগ্রাম করতে হবে পুঁজি ও দাসত্বের ভাবাদর্শের বিরুদ্ধে, ধর্মগত কদাচারের বিরুদ্ধে নির্মম নৃশংসতার বিরুদ্ধে। মানিক বন্দ্যোপাধ্যায় এর যে সব গল্পে উদ্বাস্তু জীবন ও দুর্ভিক্ষ এর কথা প্রকাশ পেয়েছে সেইসব গল্পগুলি নিয়ে আলোচনা করছি। —

মাতজের চলি:

এই গল্পে দেখা যায় এক অসহায় সন্ন্যাসীর জীবনের দুঃখ কষ্ট। দীর্ঘদিন অনাহারে থেকে সন্ন্যাসী গ্রাম ছেড়ে শহরে গিয়েছিল যেকোনো ভাবে কিছু রোজগারের আশায়। সে গ্রামে তার পরিবার পরিজনদের ফেলে রেখে গিয়েছিলো, যেকোনো প্রকারে কিছু রোজগারের জন্য, যারা ছিলো প্রত্যেকেই অভুক্ত। অনেক কষ্ট করে কয়েক দিনের চেষ্টায়, এক কাপ চা খেয়ে পেটের খিদে মেরে সেইখানে রাতটুকু কাটিয়ে সকালবেলায় গ্রামের উদ্দেশ্যে রওনা দিবে সে ঠিক করে কারণ সে খুব চিন্তিত। তার পরিবার এই অকালে বেঁচে

সমাজ ব্যবস্থা, মানুষের সামগ্রিক জীবনাচরণকে তিনি ফ্রয়েডীয় মনঃসমীক্ষণ ও মার্কসবাদের আলোকে দেখেছেন ও ব্যাখ্যা বিশ্লেষণ করেছেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা, ব্যাপকতা, জীবনহানি ও সম্পদের ধ্বংসপ্রাপ্তি মানুষের মানসলোকে এক আতঙ্কের সৃষ্টি করেছিলো, মানিক তাঁর 'সবার আগে চাই' প্রভৃতি গল্পে যুদ্ধের বিরুদ্ধে ও শান্তির কামনা করলেন।

১৩৫০ এর মন্বন্তর ভয়ঙ্কর মানুষের জীবনকে ছিন্নমূল করে দিয়েছিলো, মানুষ হয়ে পড়েছিলো সর্বহারা ঘটেছিলো মনুষ্যত্বের অপমৃত্যু। কালো বাজারি মুদ্রাস্ফীতি ও দ্রব্যমূল্যের অসহনীয় বৃদ্ধি মানুষের জীবনকে চরম ভাবে আঘাত করেছিলো, মানিকের একাধিক গল্প হয়ে উঠল সেই অগ্নিগর্ভ সময়ে জীবন্ত দলিল। দুর্ভিক্ষের ভয়াবহ পরিণামের ছবি হয়ে উঠলো— 'সাড়ে সাত সের চাল', শহর ও গ্রাম জীবনকে কীভাবে দুর্ভিক্ষ পঙ্গু করে দিয়েছিলো তাঁর রূপ ফুটে উঠেছে 'কে বাঁচায় কে বাঁচে' গল্পটিতে, এই ভাবনার শিল্প রূপায়ণ আমরা খুঁজে পাই 'প্রাণের গুদাম', 'নমুনা', 'প্রাণ', 'অমানুষিক', প্রভৃতি গল্পে, গ্রাম বাংলার সমাজ জীবনের অন্যতম শোষণ হলো মহাজনী পীড়ন, মহাজনী পীড়নে গ্রামের কৃষকদের জীবনে নেমে আসে দারিদ্র্য, খাদ্যাভাব, হাহাকার ও দুশ্চিন্তা।

মানিক বন্দ্যোপাধ্যায় এই প্রেক্ষাপটে রচনা করলেন, 'হারানের নাতজামাই' গল্পটি, মহাজনী পীড়নের সাথে সাথে চাষিদের ভাগ্যে জুটতো অত্যাচার, পীড়ন, বিনা মজুরিতে শ্রম প্রদান, অবাধ্য চাষীকে অসহনীয় শাস্তিপ্রদান, মৃত্যুর নামে চলত লাঠিয়াল বাহিনীর জঘন্য অত্যাচার, এতসব সহ্য করেও চাষীরা সংগ্রাম করতে ভোলেনি, মানবদরদী মানিক এই শ্রমজীবী মানুষের হয়ে রচনা করলেন,

কিনা। তাই সান্যালকে বলেতে শোনা যায় —

"নিশাকের গোষ্ঠী সঙ্গে সঙ্গে সান্যালী কল্যাণারপুরে না খেতে পেয়ে কজন তার বাড়িতে ইতিমধ্যে মরে গেছে কে জানে! কজন মরোমরো হয়ে আছে তাই বা কে জানে! দু-একজন হয়তো ঠিক এমন অবস্থায় পৌঁছেছে — তাদের মধ্যে শোনা বর্তমান একজন হতে পারে — তার সাড়ে সাত সের চাল দু-মুঠো নিয়ে সিদ্ধ করে আজ খাওয়াতেও দিতে পারলে যারা জীবনমরণের সীমা রেখায় টলমল করছে বেঁচে যাওয়ার দিকেই কোনোমতে টলে পড়তে পারবে। আবার লড়াই করতে পারবে তারপর, কাল পর্যন্ত দেরি করলে হয়তো —

সর্বনাশ।"[২]

তারপরই সে ভাবে ঐ চালটুকু এখনি বাড়ি নিয়ে যেতে হবে হয়তো অনাহারে মরণাপন্ন কাউকে সে বাঁচাতে পারবে। বহুদিনের অদেখা বাড়িটা তাকে তীব্রভাবে আকর্ষণ করে, সে ভাবতে থাকে দীর্ঘদিন অনাহারে থেকে এখনও বাড়িতে কে কে বেঁচে আছে থাকতে পারে? স্টেশন থেকে তার গ্রাম সাত মাইল পথ, চাঁদের আলোয় নির্জন পথে সে গ্রামের উদ্দেশ্যে রওনা হয়, রাস্তায় কারো সাড়াশব্দ নেই — কুকুরগুলোও চিৎকার করে না, ভয়ে সান্যালীর মতো গা শিউরে ওঠে। নিজের গ্রামে পৌঁছে সোজা সে নিজের বাড়িতে যায়। গলা ছিঁড়ে বুক ফেটে যায় তবুও কারো কোনো সাড়া নেই। নিজেদের পারিবারিকে বাঁচানোর জন্য তাঁর তাগিদ ছিলো, এই সব চিন্তাই ফুটে উঠেছে 'সাড়ে সাত সের চাল' গল্পে।

কোনো আশ্রয় ছিলো না, ভয়ে আতঙ্কের মানসিকতার জন্য কিছুটা দুর্বল হয়ে পড়ে, সে বিকারগ্রস্তের মত আচরণ করে। বন্ধু জগদীশ তার পুত্র কন্যা ও স্ত্রীকে নিরাপদ আশ্রয়ে পাঠিয়ে দিয়ে অপেক্ষা করছে নিজে সে কোনো সময় চলে যাওয়ার, ধনেশ আগামী ছয়মাসের খাদ্য বাড়িতে সঞ্চয় করে রাখে, ছেলেকে কোথাও পাঠাতে চায় না, কেননা সে শুনেছে জোয়ান ছেলেদের জোর করে যুদ্ধে পাঠাবার আইন পাশ হচ্ছে। সবদিক থেকে আতঙ্কগ্রস্ত হয়ে সে বুঝতে পারে না সে কী করবে। এরকম ভয়ানক ও আতঙ্কিত পরিবেশে মানুষের মনের স্বাভাবিক দিকগুলি দুর্বল হয়ে যায়, প্রতিটি চরিত্র অস্বাভাবিক ও উদ্ভট আচরণ করতে থাকে।

যুদ্ধের সময় কালে বোমা পড়ার আতঙ্ক, মৃত্যুভয় সেদিন শহরবাসী সাধারণ মানুষের জীবনে কী রকম উদ্বেগ; আশঙ্কা, অনিশ্চয়তা ও ভরসাহীনতার সৃষ্টি করেছিলো তার জ্বলন্ত দৃষ্টান্ত। 'সামরিক' গল্পটিতে মানুষ কতটা ভীত সন্ত্রস্ত তার দৃষ্টান্তমূলক পরিচয় পাই এইগল্পটি থেকে।

আজকাল পরশুর গল্প:

পটভূমিতে লেখা এই গল্পটিতে যুদ্ধ পরবর্তী বিশ্বযুদ্ধোত্তর তৎকালীন সমাজের ছবি খুব সুন্দরভাবে ফুটে উঠেছে। দুর্ভিক্ষ, মহামারি, মন্বন্তর, ক্ষুধা, দারিদ্র, মূল্যবৃদ্ধি, কালো বাজারি – শহরের মধ্যবিত্ত মানুষদের যতটা না দুর্দশা তৈরী করেছিলো, তার থেকে বেশি বিপন্নতা দেখা দিয়েছিলো গ্রামে গ্রামে। শহরের রেশনিং ব্যবস্থা

ছুটে গিয়েছে শহরের দিকে। গ্রামের মেয়ে বউরা দুটি ভাত পাবার জন্য শহরে গিয়ে দেহ বিক্রি করতে বাধ্য হয়েছে। মৌলিক নিরাপত্তা ভেঙে পড়ায়, সমস্ত প্রচলিত মূল্যবোধগুলি ও ভেঙে পড়েছিলো। নিজেকে বাঁচিয়ে রাখাই হয়ে উঠেছিলো মানুষের প্রধান দায়।

রামপদ কাজের সন্ধানে শহরে যায়, গ্রামে সাত মাসের অন্তঃসত্ত্বা এবং অসহায় স্ত্রীকে রেখে। কিন্তু তার স্ত্রী অনাহারে শিশুটিকে বাঁচাতে পারে না। নিজেও শেষ পর্যন্ত শহরে গিয়ে দেহ বিক্রি করতে হয়। রামপদ গ্রামে ফিরে আসে। পথভ্রান্ত মেয়ে বৌদের স্বাভাবিক, সাংসারিক জীবনে ফিরিয়ে দিতে কিছু সমাজ সেবী সংগঠন এগিয়ে আসে, এবং তাদের দ্বারাই মুক্তা পারিবারিক জীবনে ফিরে আসে। রামপদ ফিরে আসার পরে মুক্তা তার জীবনের করুণ অবস্থার কথা জানায়—

> "খোকন গেলো রুগ্ন ভুগে, মাই দুধ শুকিয়ে গেলো এক ফোঁটা নেই। চাল গুঁড়িয়ে বার্লি মতন করে দিলাম ক'দিন চাল ফুরোলে দিন না খেয়ে শুকিয়ে মরবে এমনিতে, শাকপাতা যা জোটে খেতাম, তাই দিলাম কী করি! তাতেই শেষ হলো"।[6]

গ্রামের মান্য গণ্যমান্য দাস ও তার দলবল, যারা কায়েমি স্বার্থ বজায় রাখতে চায়। মানুষের দুর্দিনে অসহায়তার সুযোগ নিতে চায়, তারাই রামপদর বাড়িতে এসে ফরমান জারি করে বৌকে পরিত্যাগ করতে। রামপদর কথা না শোনা শহুরে তার জাত গেছে। রামপদর কথা না শোনায় গণ্যমান্যের দলবল বিচার সভার আয়োজন করে।

অভিজ্ঞতা দিয়ে বুঝেছে যখন বেঁচে থাকাটাই মুশকিল হয়ে দাঁড়ায় তখন আর অন্য কিছু মাথায় আসে না। অভাবের তাড়নায় স্বাভাবিক মূল্যবোধগুলি ভেঙে চুরমার হয়ে যায়। বিচার সভা হয় কিন্তু সাধারণ মানুষ সেই সভায় প্রতিবাদ করে জানায় যে মুক্তা দোষ করেনি। সাধারণ মানুষের সমবেত এই প্রতিবাদে যখন গ্রাম বিপদ বুঝে নামমাত্র প্রায়শ্চিত্তের প্রস্তাব তোলে কিন্তু সাধারণ মানুষ আবার প্রতিবাদী কণ্ঠে বলে ও যে দোষ না করলে আবার প্রায়শ্চিত্ত কীসের। এই সকল গ্রাম্য মানুষজন নিজেদের জীবনের অভিজ্ঞতায় বুঝে নিতে পেরেছে সমাজের প্রকৃত বাস্তবতা। ওরা প্রতিবাদ করতে শিখেছে অন্যায়ের বিরুদ্ধে। বিশ্বযুদ্ধোত্তর কালের এই ছবি লক্ষ করলে - মানিক বন্দ্যোপাধ্যায় ফুটিয়ে তুলেছেন এই গল্পে। সেদিনের বিপর্যস্ত গ্রাম বাংলার জীবন্ত দলিল এই গল্পটি।

## উপসংহার:-

দেশভাগ, সাম্প্রদায়িক দাঙ্গা নিয়ে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে উদ্বাস্তু জীবনের ছবি খুব করুন ভাবে ফুটে উঠেছিলো দুর্ভিক্ষ পীড়িত মানুষের জীবন। দেশভাগের কাঁটা তার বিভাজনের পর একেবারে একাধিকে উদ্বাস্তু জীবন ও দাঙ্গার পরিমণ্ডলে উভয় সংকটের মধ্যে আবর্তিত হয়ে সাধারণ জীবন ক্রমশঃ তার আবিভাবে এর আবর্তকে ভাঙতে না পেরে বা সে আবর্তের বিরুদ্ধে দৈহিক প্রতিবাদ জানাতে না পেরে প্রকৃত করে ছিলো দেশভাগের আখ্যান। মানিক বন্দ্যোপাধ্যায় এর ছোটগল্পের মধ্যে দেশভাগের মতো আখ্যান আজও আমাদের অনুভব করতে সাহায্য করে দেশভাগের অতীত, বর্তমান, ভবিষ্যৎ। দেশভাগের ফলে প্রত্যেকটি প্রদেশের ক্ষেত্রে ভিন্ন রকমের সংকট তৈরী হয়েছিলো, সে সংকটের করুন ছবি নিয়ে ছোটগল্পের ধারায় দেখা গিয়েছিলো। উদ্বাস্তু মানুষরা মাথাগোঁজার ঠাঁই পর্যন্ত পাচ্ছিল না, অর্থ উপার্জনের জন্য শহরে ছুটে আসতে হত। সবই তুলে ধরা হয়েছে এইসব ছোটগল্পে।

পরিশেষে বলা যায় যে দেশভাগের ফলে উদ্বাস্তু জীবনের করুনতম সংকটময় ছবি খুব জোরালো বা মনোজ্ঞভাবে তুলে ধরা হয়েছে।

## তথ্যসূত্র ঃ

১. সাহিত্য করার আগে; 'সমগ্র প্রবন্ধ' এবং দীপ প্রকাশন, দীপ প্রকাশন ২০১৫, পৃ- ১২৭

২. চক্রবর্তী, সুশান্তর, মানিক বন্দোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প, ২০০৮, পৃ- ৮৮,

৩. কৃষ্ণা বসু, ছোটগল্পকার মানিক বন্দোপাধ্যায়: শিল্পরূপ ও জীবনবোধ, প্রতিভাস ২০০৩, পৃ- ১১২,

৪. মানিক বন্দোপাধ্যায় রচনা সমগ্র ৬ খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ২০০৬, পৃ- ৪৪৩

৫. মানিক বন্দোপাধ্যায় রচনা সমগ্র ৫ম খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাদেমি, ২০০৫ পৃ- ১২৬।

# গ্রন্থপঞ্জি

## আকরগ্রন্থ


১. বন্দ্যোপাধ্যায়, মানিক, শ্রেষ্ঠগল্প, বেঙ্গল পাবলিশার্স (প্রা:) লিমিটেড, ১৪ বি বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, প্রথম প্রকাশ অগ্রহায়ণ (১৩৫৭), 24 তম মুদ্রণ: মার্চ 2008, সংখ্যা 2200,

২. বন্দ্যোপাধ্যায়, মানিক বাছাইগল্প, প্রকাশক শ্রী সৌরেন্দ্রনাথ বসু, নাভানা, ৪৭ গণেশচন্দ্র অ্যাভেনিউ, কলকাতা ১৩, প্রথম প্রকাশ: ১৯৫৩,


## সহায়ক গ্রন্থ:


১. বন্দ্যোপাধ্যায়, মানিক শ্রেষ্ঠগল্প, আবদুল মান্নান সৈয়দ সম্পাদিত,

2. প্রবন্ধের বিচিত্রভুবন: স্রষ্টা ও সৃষ্টি (প্রথম খণ্ড), মাইতি, সুজিত কুমার, প্রকাশক— শিক্ষনের পক্ষে, ৫০, সীতারাম ঘোষ স্ট্রীট, কলিকাতা ৭০০০০৯, প্রথম প্রকাশ- ১৫ই আগস্ট 2018,

## সহায়ক পত্র-পত্রিকাপঞ্জি:-

১. সংবাদ, বাংলাদেশের মুখপত্র, বৃহস্পতিবার ০৬ জানুয়ারী, 2022, মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য মধ্যবিত্ত জীবন, হাজরা, চৈতন্য।

## আন্তর্জাল ও বৈদ্যুতিন তথ্যসূত্র:

১. bn.m.wikipedia.org
2. w.w.w banglapustak.com
৩. www. million content. com
8. amar bangla. academy
৫. boierthikana. com

Signature of student Dipali Saren

9.9.23
Signature of the Examiner

9.9.23.
Signature of external Examiner

Examined

Department of Bengali
Seva Bharati Mahavidyalaya
Kapgari, Jhargram

W.B.E.S.
Asst. Professor
Group 'A' Officer
Deptt. of Higher Education (W.B)

# SEVA BHARATI MAHAVIDYALAYA

(A multi-faculty college affiliated to Vidyasagar University and funded by UGC & Govt. of W.B.)

**P.O. Kapgari: Dist. Jhargram (W.B.): Pin. – 721 505: Mob. 9433122259**


Date: 04.08.2023

## NOTICE

It is notified for information to all concerned that B.A. SEM – VI General Practical Examination for Project work – 2023 in Bengali under Vidyasagar University will be held on 11.08.2023 (Friday) from 10:30 AM to 04:30 PM at the College Centre.

Students are directed to bring their Admit Cards and Practical Note Books of the Subject concerned.

HOD
Dept. of Bengali
Seva Bharati Mahavidyalay
Kapgari, Jhargram,

**HoD,**
**Dept. of Bengali**
**Seva Bharati Mahavidyalaya**
**Kapgari-Jhargram**

Principal
Seva Bharati Mahavidyalay
Kapgari, Jhargram,
West Bengal - 721505

***Principal***
*Seva Bharati Mahavidyalaya*
*Kapgari, Jhargram*

SEVA BHARATI MAHAVIDYALAYA
ESTD.-1964
JHARGRAM
WEST BENGAL
721505
KAPGARI

# জাম্বনী থানার অন্তর্গত কপাট কাটা গ্রামের লোকক্রীড়া

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে সেবা ভারতী মহাবিদ্যালয়ের বাংলা বিভাগে, স্নাতক (২০২২-২০২৩) শিক্ষাবর্ষে, বিশেষ পত্রে সমীক্ষাধর্মী গবেষণামূলক প্রবন্ধটি উপস্থিত)।

**ষষ্ঠ পাঠ পর্যায়**

বিশেষ পত্র :- লোকসংস্কৃতি ও লোকসাহিত্য (বি.এন.জি)

Paper :- SEC – 4


**গবেষক**

মার্সাল মুরমু

Roll No :- 1216146 – 201137

Reg. No :- 1460256 of 2020-2021

**তত্ত্বাবধায়ক**

ডঃ প্রশান্ত কুমার দাস

বাংলা বিভাগ

সেবা ভারতী মহাবিদ্যালয়

# SEVA BHARATI MAHAVIDYALAYA

Kapgari, Jhargram

## Certificate

This is to certify that the project entitled JAMBONI THANAR ANTARGAT
KAPATKATA GRAMER LOGOKRIA
is an authentic work done by MARSHAL MURMU
(B.A. General, Semester-VI, Paper-SEC4, Session 2023, Roll No. 1216146-201137
Registration No. 1460256 of 2020-2021) in the Department of Bengali, Seva Bharati Mahavidyalaya under my supervision and guidance.

| | |
|---|---|
| (Dr. Partha Pratim Nanda)<br>HOD<br>Department of Bengali<br>Seva Bharati Mahavidyalaya<br>HoD,<br>Dept. of Bengali<br>Seva Bharati Mahavidyalaya<br>Kapgari-Jhargram | for<br>Saroj Kumar Pani<br>(Dr. Prasanta Kumar Das)<br>Supervisor<br>Department of Bengali<br>Seva Bharati Mahavidyalaya |

# * প্রতিবেদন *

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের স্নাতকোত্তর পাঠক্রমের অন্তর্গত চতুর্থ পাঠ্য - পাঠ্যাংশের বিশেষ পত্র লোকসাহিত্য গ্রুপটি, এই অঞ্চলের লোকক্রীড়া সাথে আমার পূর্বপরিচিত সূত্রে বিভিন্ন লোকক্রীড়ার প্রতি আমার বিশেষ আগ্রহ ছিল, তাই ক্ষেত্রসমীক্ষার বিষয় হিসাবে আমি এই অঞ্চলের লোকক্রীড়াকে চিহ্নিত করেছি। সমীক্ষার কাজে এই অঞ্চলের মানুষজন ও ছোট ভাইবোনদের তথ্য পেয়েছি। সেই জন্য তাদের প্রতি আমি আন্তরিক ভাবে কৃতজ্ঞ বাংলা বিভাগের অধ্যাপক - অধ্যাপিকাগনের নানান চিন্তা ভাবনা ও পরামর্শ আমাকে উজ্জীবিত ও সমৃদ্ধ করেছে। তাই তাঁদের প্রতি আমার প্রনাম জানাই। এছাড়া ও সহপাঠীদের সহযোগিতা ও অগ্রজো অবশ্য স্মরণীয়।

ভীষন প্রতিযোগীতার পরিস্থিতে শিশুরা আজ হারিয়ে ফেলেছে তাদের শৈশব ক্রীড়া। মাত্র তিন বছর বয়সের শিশুরা পিঠে আজ চেপে ভীষন বড় ব্যাগের বোঝা, যখন সে বাড়ী ফিরেছে তখন ভীষন ক্লান্ত, তাই অবসরে বাড়ী ফিরে খেলাইলা ধরার মত সামর্থ্য তার থাকে না।

ফুটবল, ক্রিকেট ইত্যাদির দাপটে থাকে লোকক্রীড়া গুলি, মাঁ বাংলায় জল হাওয়া নিজস্ব সৃষ্টি। যাকে ঘিরে বাঙালী তার শারীরিক মানসিক বিকাশের মাধ্যমে বড় হয়ে উঠত - তার আর কোনো অবকাশ নেই।

Examined
Department of Bengali
Seva Bharati Mahavidyalaya

# নিবেদন

সম + কৃতি = সংস্কৃতি, 'সংস্কৃতি' কথার অর্থ হল সম্যকভাবে কৃতি, সুন্দর ও শোভনীয়ভাবে কিছু করার নামই হল সংস্কৃতি। সংস্কৃতি কথাটির মধ্যে দিয়ে একটি সংহত সমাজের কৃষ্টি; ঐতিহ্য রীতি, নীতি, ধ্যান - ধারণা, আচার - ব্যবহার অভ্যাস, পোশাক - পরিচ্ছদ, খাদ্যপ্রণালী, জীবনযাপন সব মিলিয়ে এক কথায় কৃতিকেই বোঝায়। অর্থাৎ সংস্কৃতির মধ্য দিয়ে একটি সংহত সমাজের চিরাচরিত রূপকে আমরা লক্ষ্য করতে পারি।

সংস্কৃতি দুইভাগে বিভক্ত - ১) শিষ্ট সংস্কৃতি,
২) লোকসংস্কৃতি

'শিষ্ট সংস্কৃতি' হল সেই সংস্কৃতি যা সর্বজনগ্রাহ্য ও সর্বজন মতে কোন একটি বিশেষ অঞ্চলের বিশেষ জনগোষ্ঠির সংস্কৃতি। যাদের আর্থিক কাঠামো একেইরকম, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত এবং বছরের শুরু থেকে শেষ পর্যন্ত সকলে একই ধরনের বিশ্বাস সংস্কার - উৎসব - অনুষ্ঠান পালন করে, স্বাভাবিক ভাবে লোকসংস্কৃতি সেটি উৎসবের মধ্যে সহজে মানস দর্পন হয়ে ওঠে সংহত মানুষের গীতি আলেখ্য।

আমাদের এখানের আলোচ্য বিষয় অবিভক্ত ঝাড়গ্রাম জেলার লোকসংস্কৃতির ক্ষেত্রীয় অনুসন্ধান ও সমীক্ষণ। অবশ্য এই অনুসন্ধান, এই সমীক্ষণ একটি বিশেষ গ্রাম সাপেক্ষে বিভিন্ন গ্রাম সাপেক্ষে; বিশেষ একটি বিষয় সাপেক্ষে আমি সফল করার চেষ্টা করেছি।

'অনুসন্ধান' কথাটির অর্থ হল খোঁজ, আর সমীক্ষা কথাটির অর্থ হল ভালো করে খুঁটিয়ে খুঁটিয়ে দেখা এবং কথাটির কীভাবে দেখা হল তার বিরুদ্ধে বিশ্লেষণ করে দেখা, এই অনুসন্ধান ও সমীক্ষার দ্বারা প্রাপ্ত তথ্যগুলিকে প্রতিবেদন বা Report-এর মধ্যে অবশ্যই বিন্যস্ত করতে হবে, তা না হলে অনুসন্ধান ও সমীক্ষার কোনো মানেই হয় না।

জলে না নামলে যেমন সাঁতার শেখা যায় না, তেমনই 'লোক' এর কাছে না গেলে তাদের সংস্কৃতির পরিচয় অজানা থেকে যায়, জীবনে জীবন যোগ না করালে জীবনরস পান করা যাবে কী করে? অর্থাৎ লোকসংস্কৃতি চর্চায় পূর্ণাঙ্গ রস পেতে গেলে আমাদের অবশ্যই যেতে হবে লোকায়ত সমাজের কাছে, যারা আজও তাদের সংস্কৃতিকে টিকিয়ে রাখতে প্রাণপণে প্রয়াসী, তাদের জীবনের সঙ্গে আমাদের জীবন মিলিয়ে আমরা জেনে নেবো তাদের সংস্কৃতি চর্চার নানা দিক, তার জন্যই মনোনিবেশ করেছি অভীষ্ট ক্ষেত্রসমীক্ষায় (Field Survey).

যেসব আজও তাদের সংস্কৃতিকে টিকিয়ে রাখতে প্রাণপণে প্রয়াসী, তাদের জীবনের সঙ্গে আমাদের জীবন মিলিয়ে আমরা জেনে নেবো তাদের সংস্কৃতি চর্চার নানা দিক, তাই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, অন্তর্গত সেবা ভারতী মহাবিদ্যালয়ের স্নাতকোত্তর বাংলা বিভাগের একজন ছাত্রী হিসেবে আমার সংকল্পকে সার্থক করার জন্য আমার মাতৃভূমির সন্নিকটবর্তী ~~ক্ষুদ্র~~ কেশাপাটনা গ্রামটিকে নির্বাচন করেছি।

এই কসাইকোটা গ্রাম পল্লীপ্রকৃতির নির্জন প্রান্ত-বর্তী গ্রামে, এখানকার জনগন, খেটে খাওয়া গরীব মানুষের ~~কষ্ট~~ সুখ; শান্তি, আনন্দ; খেলাধুলা জীবনজীবিকাকে ক্ষেত্রসমীক্ষার বিষয় হিসেবে উপস্থাপন করার চেষ্টা করেছি। দেখিয়েছি এখানে গ্রামের অধিকাংশ শ্রমজীবি কৃষক, তাই তাদেরকে লড়াই করে বেঁচে থাকতে হয়। দুঃখ দারিদ্র, অভাব অনটন থাকা সত্ত্বেও তাদের খেলাধুলো আবার প্রানকে স্পর্শ করছে। তাই এই গ্রামের ছোটো ছোটো ছেলেমেয়েদের সাথে নিজেকে মিলিয়ে দিয়ে খেলাধুলার বিষয়বস্তু অনুধাবন করার চেষ্টা করেছি। খেলাধুলা জীবনকে জাগিয়ে নিয়ে যায়। এগিয়ে চলাই হল ধর্ম।

আর্শাল মুরমু
ষষ্ঠ বর্ষ বাংলা বিভাগ
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# সূচিপত্র

নিবেদন

প্রথম অধ্যায় : সমীক্ষিত অঞ্চলের পরিচয় ও আঞ্চলিক মানচিত্র ৪-৭

দ্বিতীয় অধ্যায় : তথ্যদাতার বিবরণ ৮

তৃতীয় অধ্যায় : লোকক্রীড়া : বৈশিষ্ট্য ও বিভাগ বৈচিত্র্য ৯-১৩

চতুর্থ অধ্যায় : ঝাড়গ্রামের লোকক্রীড়া ১৩-১৪

পঞ্চম অধ্যায় : কসাডাঙ্গা গ্রামের প্রচলিত লোকক্রীড়ার বিবরণ ১৫-১৬

ষষ্ঠ অধ্যায় : লোকক্রীড়াতে প্রচলিত লোকজ শব্দ ১৭

সপ্তম অধ্যায় : প্রতিবেদন ১৮

সহায়ক গ্রন্থপঞ্জি

# সমীক্ষিত অঞ্চলের পরিচয় ও মানচিত্র

গ্রামের নাম : কদমাডিহাটা
ডাকঘর : বেনাশুলি
ব্লক : জামবনী
গ্রামপঞ্চায়েতের নাম : কাপগাড়ী
থানা : জামবনী
জেলা : ঝাড়গ্রাম
পিন নং : ৭২১৫০৫
জে. এল. নং : ১৭১
গ্রামটির আয়তন : আনুমানিক এগারো বর্গ কিলোমিটার
গ্রামের চতুঃসীমা : গ্রামের পূর্বে বড়ো জঙ্গল,
গ্রামের পশ্চিমে কংসাবতী নদী
গ্রামের দক্ষিণে বড় মাঠ-

গ্রাম প্রধানের নাম : সাকির- খুরসু
গ্রামের মোট জনসংখ্যা : ৭২০ জন
মোট ভোটার : ৫০২
মহিলা ভোটার : ২৩৯
পুরুষ ভোটার : ২৬৩
স্বাক্ষর : ৪১৬ জন
নিরক্ষর : ৩০৪
অধিবাসী : নানান সম্প্রদায়ের মানুষ বসবাস করে,
জীবিকা : বেশির ভাগ মানুষ চাষবাস করে, কিছু সংখ্যক রাজমিস্ত্রি ; কিছু সংখ্যা জব-কার্ডের কাজ কিছু সংখ্যা ব্যবসায়ী ও অল্প কিছু চাকুরীজীবীও আছেন।

শিক্ষা প্রতিষ্ঠান : ১টি শিশুশিক্ষা, ১টি প্রাথমিক বিদ্যালয়।

উপস্বাস্থ্য কেন্দ্র : নেই

চিকিৎসা : এখানকার মানুষ অনেকেই আজও লোকচিকিৎসায় বিশ্বাস করেন। যেমন- বাসক ও তুলসী পাতার রস খেলে সর্দিকাশি ভালো হয় ইত্যাদি ইত্যাদি।

ঘরবাড়ী : গ্রামটিতে কাঁচা পাকা সবরকম বাড়ি আছে তবে বেশির ভাগ মাটির বেড়ার ঘর দেখা যায়।

রাস্তাঘাট : গ্রামে বেশির ভাগ মোরাম রাস্তা ; তবে এখন কিছু কিছু কাঁচা রাস্তাও দেখা যায়।

যানবাহন : এই গ্রামে বেশিরভাগ মানুষেরা যাতায়াতের জন্য মূলত ভ্যান বা সাইকেল ব্যবহার করে। তবে বর্তমান কিছু বাড়িতে মোটরসাইকেল রয়েছে।

ফসল : ধান, সরষে, তিল,

দেবদেবী : বনমালী গ্রামের বারোমাসে তের পার্বন যেন লেগেই আছে।

পানীয়জল : গ্রামটিতে পানীয় জলের জন্য পঞ্চায়েত থেকে টিউবওয়েলের ব্যবস্থা করা হয়েছে।

লোকবিশ্বাস সংস্কার : এই গ্রামটিতে বেশ কিছু লৌকিক বিশ্বাস ও সংস্কার দেখা দেয়। যেমন - ১/ সন্ধ্যাবেলা পিছু ডাকলে অমঙ্গল হয়

গ্রামের মানুষদের কাছে থেকে পাওয়া কয়েকটি ধাঁধা, ছড়া ও প্রবাদ —

ধাঁধা : ১/ কাঁচা হলুদ পাকলে লাল — খেজুর

২/ ঘরের ভিতর ঘর, তার মধ্যে বেদর - মশারী,

৩/ অল্প খালা মুক্তারী, গোনতে পারে কোন ব্যাপারি - তারা।

প্রবাদ : ১/ অমনি বাঁশি বাজেনি, আবার রাধা রাধা বলছি,

২/ যার বিয়ে তার হুঁশ নেই, পাড়া পড়শির ঘুম নেই।

৩/ খেতে দিলে শুতে চায়,

৪/ তেমাথা যার বুদ্ধি নেবে তাঁর

ছড়া : ১/ আয় বৃষ্টি ঝেঁপে
ধান দেব মেপে,
চালের ওপর খোকন
জামাই আলা বোকা।

লোকভাষা : ওমনি — এমনি
এসবে — আসবে
যাবিনি — যাবেন
ফচি — ছোট বাচ্চাদের বলা হয়,

পথনির্দেশ : মেদা থানার্তী মহাবিদ্যালয় থেকে বাস নিয়ে দক্ষিণেশ্বরী ওখান থেকে আবার বাস পরিবর্তন করে পালোইডাঙা মোড় থেকে অটো বা টোটোতে নিয়ে, গ্রামটিতে গিয়ে ক্ষেত্র সমীক্ষার কাজ করেছি।

তথ্য সংগ্রহের সময় ও তারিখ : ১২.০৬.২৩ থেকে ২৫.০৭.২৩ প্রত্যেক বিকেল ৩টা থেকে ৬টা পর্যন্ত।

গ্রামসমীক্ষার তথ্য সরবরাহ কারি ব্যক্তির নাম ও পরিচয়।

নাম : গুরুপদ সরেন।

বয়স : ৩৬

শিক্ষাগত যোগ্যতা : অষ্টম শ্রেনি।

পেশা : চাষবাস।

গ্রাম : কসাইকোটা

পোস্ট : বেনাশুলি

থানা : জামবনী

জেলা : ঝাড়গ্রাম।

পিন নং : ৭২১৫০৫

পরিবারের সদস্য সংখ্যা : ৮ জন

পুরুষ : ৪ জন।

মহিলা : ৪ জন

# তথ্য দাতার বিবরণ

নাম : স্বপ্না সরেন
বয়স : ২১ বছর
শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক
তথ্য সংগ্রহের সময় ও তারিখ : ১২/০৬/২৩ – ২৫/০৭/২৩ পর্যন্ত বিকেল ৩টে থেকে ৬টা।

নাম : খেদো সরেন
বয়স : ২৬ বছর
শিক্ষাগত যোগ্যতা :- পঞ্চম শ্রেণী।
পিতার নাম : লক্ষীরাম সরেন।
পেশা : রাজমিস্ত্রি
তথ্য সংগ্রহের সময় ও তারিখ : ১৮/০৬/২৩ বিকাল ৩টে

এছাড়াও আমারক আর ও অন্যান্য ছোট্ট ক্ষেত্র বন্ধুরা ভাইবোনেরা হল টিয়া, মনু, বিশ্বজিৎ, মনোজ, বিনীতা, সুবল, ওরা সকলেই তথ্য দিয়ে আমাদের কে বিভিন্নভাবে সাহায্য করেছে।

# লোকক্রীড়ার বৈশিষ্ট্য ও বিভাগ বৈচিত্র্য

বৈচিত্র্যময় প্রকৃতির বুকে অহরহ চলছে সৃষ্টির অবিরল ধারা, প্রকৃতির চরন্তন সৃষ্টির আদি মুহূর্ত থেকে চলছে নানা ক্রীয়াকলাপ, মানুষ নিজেদের মধ্যে বাঁচা মরার জন্য বহু কিছু উপর অনুসন্ধান করেছে। মানবরূপ মানুষ এই বৈচিত্র্যে ভরা জীবন মানুষকে এনে সুখ - শান্তি - আনন্দ প্রভৃতি। এই সব বিষয় গুলি আপনা আপনি আসেনা, এসেছে বেঁচে থেকে তব আনন্দে, বাঁচবার আনন্দে, জীবন অনুভব হয় প্রকৃতি, মানসিক নিজেকে লড়াই করে টিকিয়ে রাখার মধ্যে, তাই তাকে নানা কৌশলের আশ্রয় নিতে হয় নিজের মনে, শরীর অঙ্গাঙ্গীভাবে যুক্ত হয় পরস্পরের উপর নির্ভরশীল মানুষ যুগ যুগ ধরে বেঁচে বাঁচা মরার আনন্দে নানান শরীরচর্চা, প্রয়োজন অনুভব করেছে। সুস্থ মন ও সুস্থ শরীর একটি সুস্থ সমাজ বিকাশে সহায়ক। কথা বলে 'স্বাস্থ্যই সম্পদ'।

মানুষ জীবনের বৈচিত্র্যময়, গ্রামের অন্তরঙ্গ জীবনে মানুষ আনন্দলাভের সুযোগ পেত বেশিরভাগ বয়স্ক মানুষেরা যেমন - মজা কথাকথায় আসরাদিতে অল্প বয়সীরা আনন্দের খোরাক পেত মূলত লোক উৎসব ও লোকক্রীড়ায়, এই লোকক্রীড়ার মধ্যে দিয়ে গ্রামের মানুষ শুধু মনে আনন্দ পেত তাই নয় অনেক ক্ষেত্রে স্বাস্থ্যচর্চার ও সুযোগ পেত, লোকক্রীড়া কয়েকটি বৈশিষ্ট্য হল -

(ক). আধিকাংশ লোকক্রীড়ায় গ্রামের প্রকৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এর কারণ সহজবোধ্য গ্রামে তো আর শহরের মতো স্থানাভাব নেই ফলে খোলা মেলা পরিবেশে মিত্রা খেলার অবকাশ পায়।

(খ) লোকক্রীড়াগুলির বিশ্লেষণে ফেলে আসা অতীতের বহু স্মৃতির সাক্ষ্য মেলে। যেমন হাডুডু খেলা, যেটা আসলে ভূমির ওপর নির্ভর আধিকার কায়েম লক্ষ্যে বিরুদ্ধগোষ্ঠীর সংগ্রামের প্রতিচ্ছবি।

(গ). সাধারণত লোকক্রীড়াগুলি স্বল্পব্যয়ী।

(ঘ). আমরা কেন কিছু লোকক্রীড়া সাধারণ পাই যে গুলি দল ভিত্তিক। যেমন 'হাডুডু'

(ঙ). বহু লোকক্রীড়া অতীতসংশ্লিষ্ট; যেমন খোলা হে ভোলা খেলা।

(চ). লোকক্রীড়া কোনো প্রশিক্ষণ নেওয়ার প্রয়োজন হয় না।

* লোকসংস্কৃতিবিদ বরুণকুমার চক্রবর্তী মহাশয় কৃত লোকক্রীড়ার শ্রেণীবিভাগ :-

(১)

লোকক্রীড়া

- ছড়া নির্ভর
  - অবিমিশ্র -ছড়া-নির্ভর
  - অবিমিশ্র-ছড়া-নির্ভর নয়
- ছড়াবিমুক্ত

(২)

লোকক্রীড়া

- অল্পসংখ্যক খেলোয়াড়ের খেলা
- অধিকসংখ্যক খেলোয়াড়ের খেলা।

(৩)

লোকক্রীড়া

- অল্পসংখ্যক খেলোয়াড়ের খেলা
- অধিক সংখ্যক খেলোয়াড়ের খেলা।

* লোকজ খেলাগুলিকে খেলার স্থান অনুযায়ী দুটি ভাগে ভাগ করা যায়।

১/ ঘরের খেলা বা ইনডোর গেম
২/ বাইরের খেলা বা আউটডোর গেম

* আবার লোকক্রীড়ার প্রকৃতি ও বৈশিষ্ট্য অনুযায়ী তিন ভাগে ভাগ করা যায়।

১/ শিশুদের খেলা
২/ বড় ছেলেদের খেলা
৩/ বড় মেয়েদের খেলা বা বয়স্ক মহিলাদের খেলা।

* আলোক কুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় লোকক্রীড়াগুলি কে ৭-টি শ্রেণীতে বিভক্ত করেছেন:

১/ এক ব্যক্তি বা অজা অজা খেলা
২/ দুইজনের খেলা।
৩/ দলবদ্ধ খেলা (গন্ডীবদ্ধ)
৪/ দলবদ্ধ খেলা গন্ডীহীন
৫/ স্থির হয়ে বসে খেলা
৬/ মূলত বালিকাদের খেলা
৭/ বিবিধ

* ড. বিজোস পালের মতে – লোকক্রীড়ার চরিত্র ও প্রকৃতিগত বৈচিত্র্যকে সামনে রেখে নানা শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে, যেমন –

১/ খেলা অনুষ্ঠানের স্থান – প্রকৃতি অনুসারে
ক, জলে খেলা: হরিখেলা; জল - কাদা; লৌকাবাইচ ইত্যাদি
খ, স্থলে খেলা: বৌচি; গোল্লাছুট ইত্যাদি,
গ. অন্তরীক্ষে খেলা: ঘুড়ি ওড়ানো, পায়রা ওড়ানো ইত্যাদি।

২/ খেলা অনুষ্ঠানের স্থান অনুসারে:
ক. গৃহাভ্যন্তরে খেলা - আগডুম - বাগডুম, ইকড়ি - মিকড়ি ইত্যাদি,
খ. মুক্তাঙ্গনে খেলা: বৌচি; গোল্লাছুট ইত্যাদি

৩/ উপকরণ অনুসারে:
ক) উপকরণযুক্ত খেলা: ডাংগুলি, কড়িখেলা ইত্যাদি।
খ) উপকরণবিহীন খেলা: বৌচি; গোল্লাছুট ইত্যাদি

৪/ পেনসুডের অবস্থান অনুসারে :
ক) প্রথম শ্রেণী : অসাডুম - বাডাডুম ইত্যাদি
খ) দুটো খোঁই শ্রেণী : তাংড়ালি ; চাপলা ইত্যাদি

## সাঁওতাল মেলার লোকনৃত্য

[illegible]

ঝাড়গ্রাম
মেদিনীপুর জেলায় পূর্বভাগ পলিমাটি সঞ্চিত এলাকা, তাই কৃষিতে এই অঞ্চল উন্নত; আবার পশ্চিমভাগ উঁচু নীচে বনভূমি সমৃদ্ধ পাথুরে মাটির প্রান্তর, আবার ছোট খেলনা এই রাঢ়ভূমি কেননা কোনো অঞ্চল সমতল ভূমির মত কৃষিতে উন্নত, তাই জেলায় মানুষের প্রধান জীবিকা কৃষিকাজ, বর্তমান অনেকে বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত হতে দেখা যায়। মানুষের জীবন যাপনের যাবতীয় কর্মকাণ্ড; জীবনের সবকিছুই সংস্কৃতির অন্তর্ভুক্ত, এই সংস্কৃতির মধ্যে বিকশিত হয়েছে মানুষের সৃষ্টিশীলতা, সঙ্গীত, সাহিত্য, চিত্র, নৃত্য হস্তকর্ম - জগত ইত্যাদি, মানব সভ্যতার বিকাশের রূপরেখা, মানুষের আত্মোপলব্ধি ও আত্মপ্রতিষ্ঠার অঙ্গ, এই সব সংস্কৃতিকে ক্ষেত্র মতো ক্রীড়া জগতেও জনমনের সৃষ্টিশীলতা ও প্রেরণা লাভ করেছে। বিস্তৃত হয়েছে বিচিত্র বর্ণে বিভায় নানা ছন্দোস্পন্দে।

* ঝাড়গ্রামের প্রচলিত লোকক্রীড়াগুলি হল -

বৌ বসন্ত, কিত্ কিত্ পাতা লুকানি, কাবাডি, টুনটুনি পাখি, কানামাছি, লুকোচুরি ইকড়ি-মিকড়ি হাচিং-বিচিং, অ্যাচু বরফ পানি আগাডুম বাগাডুম, রুমাল চুরি মাংস চুরি অদ্দুল মাদ্দুল ফুলবাগান, চিনি বিস্কুট, চোর পুলিশ, পুতুর - পুকুর, লাঠন লাটেচুরি রাম শ্যাম; ভোলানাথ ভোলো মালা-মিন্টু আটলবাটল, দলাপিং - বেলাপিং, বাড়ি খেলা, জীমখেলা ঘুড়ি ওড়া, ডাংগুল ইত্যাদি।

* কলাইকাটা গ্রামের প্রচলিত লোকক্রীড়া বিবরণ

* ইকড়ি মিকড়ি চামচিকড়ি :-

· একটি দলের গ্রাম ৫-৭ বছরের তিনজন শিশুদের নিয়ে এই খেলা হয়। ইকড়ি মিকড়ি, এই ছড়া সহযোগে খেলাটি হয় বলে এই খেলার নামকরণ হয়েছে 'ইকড়ি মিকড়ি'। ছড়াটি হল —

ইকড়ি মিকড়ি চাম চিকড়ি
চামে কাটা মজুমদার
ধেয়ে এল দামোদর
দামোদর হাঁড়িকুঁড়ি
চাল কুটতে হলো বেলা
তাতে বসল মাছি
কোদাল হল ভোঁতা
খ্যাঁকশিয়ালে মচা মাথা,

এই খেলায় প্রথমে সবাই গোল হয়ে বসে বসে হাতের আঙুল মাটিতে প্রসারিত করে রাখবে, আর একজন বাম হাত রেখে ডান হাতে ছড়াকেটে সঙ্গে সঙ্গে প্রত্যেকের প্রতিটি আঙুল স্পর্শ করবে। যেখানে ছড়াটি শেষ হবে, সেইখানে আঙুলটি মুড়ে যাবে, আবার ছড়া বলা শুরু হবে, এই ভাবে যার আগে হাতের সব আঙুল মোড়া হয়ে যাবে সেই হবে বিজয়ী। আর সবার সব আঙুল মুড়ে গেলে যখন একজনের একটি আঙুল বাকি থাকে সে পরাজয়ী হবে।

* কানামাছি খেলা :-

উপকরণ :- চাদর বা গামছা দ্বিতীয় কোন উপকরণ লাগে না।

* প্রকৃতি :- খুবই ছোটদের বালক সবচেয়ে জনপ্রিয় খেলা 'কানামাছি'। ৫-৬ জন ছেলেমেয়ে নিয়ে এই খেলা যায়। বিকেলবেলা ছেলেমেয়েরা অবসরে গামছা নিয়ে মাঠে উপস্থিত হয়। একজনের চোখ গামছা দিয়ে বেঁধে, তিনপাক ঘুরিয়ে দেওয়া হয়। আর সবাই সুর করে বলতে -

'কানামাছি ভোঁ ভোঁ
যাকে পাবি তাকে ছোঁ'।

* উপযোগিতা :- এই খেলার মধ্য দিয়ে এই শিশুদের শিশুরা অবস্থানুক্রের বিচক্ষণতা প্রতিক্রিয়ার শিক্ষা পায়। এই খেলার মধ্য দিয়ে শিশুরা আনন্দ লাভ করে। খেলাটা অনুমান করার অনুশীলন, মনোযোগিতা ও সহমর্মিতা বিকাশ ক্ষেত্রে বিকাশ হয়।

# লোকক্রীড়ার প্রচলিত লোকশব্দ

আবুলিশ : চলমান কোনো খেলাকে হঠাৎ কোনো কারণে সাময়িকভাবে থামিয়ে দেবার জন্য খেলোয়াড় মুখে এই শব্দ করে।

বি : বিশ্রাম।

থুক্কুম : থামো।

আ : আউট মূলত একদমে খেলার পর দম ছাড়ার সময় ব্যবহৃত হয়। বিশেষত 'কিত্ কিত্' খেলার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

'পাকা কাঁচা' : 'পাকা' অর্থে খেলোয়াড় এবং, কাঁচা অর্থ আদক্ষ খেলোয়াড়।

মোর : মৃত

কুরি : চোর

'পচি' : মোর

'কিত্ কিত্' : এক ধরনের খেলার ডাক 'কিত কিত'

ভুশড়া : গোঁজামিল দিয়ে কথা বল।

দুধভাত : বড়োদের খেলার ছোটো শিশুদের খেলাকে দুধভাত বলে

ধাপ্পা : লুকোচুরি খেলায় যে লুকিয়ে থাকে সে ছুটে এসে ধাপ্পা বলে চোরকে স্পর্শ করা।